
# এই পোস্টকার্ড ফর্ম এবং নির্দেশিকাটি ব্যবহার করে আপনার স্টেটে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করুন



OMB নিয়ন্ত্রণ নম্বর 3265-0015

# সাধারণ নির্দেশাবলী

## এই আবেদনপত্র কারা ব্যবহার করতে পারেন

আপনি যদি যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হন যিনি যুক্তরাষ্ট্রে বসবাস করেন বা যার যুক্তরাষ্ট্রের মধ্যে একটি ঠিকানা আছে তাহলে এই পুস্তিকার মধ্যে দেওয়া আবেদনপত্র ব্যবহার করে আপনি এগুলি করতে পারেন:

- আপনার রাজ্যে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করা
- আপনার ভোটার রেজিস্ট্রেশন অফিসকে নামের পরিবর্তন সম্বন্ধে জানানো
- আপনার ভোটার রেজিস্ট্রেশন অফিসকে ঠিকানার পরিবর্তন সম্বন্ধে জানানো, বা
- একটি রাজনৈতিক দলের সঙ্গে নিবন্ধন করা।

## ব্যতিক্রম

আপনি যদি যুক্তরাষ্ট্র এবং তার এলাকার বাইরে বসবাস করেন এবং এই দেশে আপনার কোনো বাড়ির (বৈধ) ঠিকানা না থাকে, অথবা আপনি যদি সেনাবাহিনীতে থাকেন এবং দেশ থেকে দূরে কোনো জায়গায় কর্মরত থাকেন তাহলে অনুগ্রহ করে এই আবেদনপত্র ব্যবহার করবেন না। সেনা ঘাঁটি, আমেরিকান দূতাবাস, বা কন্সুলার অফিসে আপনার জন্য উপলভ্য ফেডারেল পোস্টকার্ড আবেদনপত্র ব্যবহার করুন।

**নিউ হ্যাম্পশায়ার** টাউন ও সিটি ক্লার্করা একমাত্র তাদের নিজেদের অনুপস্থিত ভোটার মেইল-ইন নিবন্ধন ফর্মের জন্য অনুরোধ হিসাবে এই আবেদনপত্র গ্রহণ করবেন।

**নর্থ ডাকোটায়** ভোটার নিবন্ধন নেই।

**ওয়াইওমিং** আইন মেইলে নিবন্ধনের অনুমতি দেয় না।

## আপনি আপনার স্টেটে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করার যোগ্য কিনা কিভাবে জানবেন

কে নিবন্ধন করতে এবং ভোট দিতে পারবেন সে সম্বন্ধে প্রত্যেক স্টেটের নিজস্ব আইন আছে। স্টেট নির্দেশাবলীতে আপনার স্টেটের জন্য দেওয়া তথ্য দেখুন। ফেডারেল এবং স্টেট নির্বাচনে ভোট দেওয়ার জন্য আপনার জন্মসূত্রে বা নাগরিকত্ব প্রাপ্তির মাধ্যমে যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হওয়া সব রাজ্যের জন্য একটি আবশ্যকতা। যুক্তরাষ্ট্রীয় আইন অনুসারে কোনো ফেডারেল, স্টেট বা স্থানীয় নির্বাচনে ভোট দেওয়ার জন্য মিথ্যাভাবে যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব দাবী করা বেআইনি। একই সময়ে আপনি একাধিক স্থানে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে **পারবেন না।**

## এই আবেদনপত্র কিভাবে পূরণ করবেন

এই আবেদনপত্র কিভাবে পূরণ করবেন জানার জন্য আবেদনপত্রের নির্দেশাবলী এবং স্টেট নির্দেশাবলী দুটোই ব্যবহার করুন।

- প্রথমে আবেদনপত্রের নির্দেশাবলী পড়ুন। এই নির্দেশাবলী আপনাকে সেই গুরুত্বপূর্ণ তথ্যগুলি দেবে যা এই আবেদনপত্র যারা পূরণ করবেন তাদের প্রত্যেকের জন্য প্রযোজ্য।
- এরপরে স্টেট নির্দেশাবলীতে আপনার স্টেট খুঁজে নিন। বাক্স 6, 7 পূরণ করার জন্য এই নির্দেশাবলী ব্যবহার করুন এবং ভোটারের যোগ্যতা সম্পর্কে এবং বাক্স 9-এ কোনও শপথের প্রয়োজন থাকলে সেটার সম্পর্কে তথ্যের জন্য এই নির্দেশাবলী দেখুন।

## ভোট দেওয়ার জন্য কখন নিবন্ধন করবেন

ভোট দেওয়ার জন্য নিবন্ধন করার জন্য প্রত্যেক স্টেটের নিজস্ব সময়সীমা আছে। এই পুস্তিকার শেষ পৃষ্ঠায় আপনার স্টেটের সময়সীমা দেখে নিন।

## আপনার আবেদনপত্র কিভাবে জমা দেবেন

স্টেটের নির্দেশাবলীতে আপনার স্টেটের জন্য দেওয়া ঠিকানায় আপনার আবেদনপত্র ডাকযোগে পাঠান। বা নিজে হাতে করে আপনার স্থানীয় ভোটার রেজিস্ট্রেশন অফিসে সশরীরে আবেদনপত্র জমা দিন। যে সমস্ত স্টেটে ন্যাশনাল ফর্ম গ্রহণ করা আবশ্যিক সেগুলি কম্পিউটার ইমেজ থেকে সাধারণ কাগজে প্রিন্ট করা, আবেদনকারীর স্বাক্ষর করা আবেদনপত্রের কপি, সঠিক পোস্টেজসহ একটি খামে ভরে মেইল করলে সেটি গ্রহণ করবে।

## প্রথমবার ভোটার যারা মেইলে নিবন্ধন করছেন

আপনি যদি আপনার নির্বাচন ক্ষেত্রে ভোট দেওয়ার জন্য এই প্রথমবার নিবন্ধন করছেন এবং এই নিবন্ধনের আবেদনপত্র মেইল করছেন তাহলে যুক্তরাষ্ট্রীয় আইন অনুসারে প্রথমবার ভোট দেওয়ার সময় পরিচয়ের প্রমাণপত্র দেখাতে হবে। পরিচয়ের প্রমাণপত্রের মধ্যে আছে:

- একটি সাম্প্রতিক এবং বৈধ সচিত্র পরিচয়পত্র; বা
- একটি সাম্প্রতিক ইউটিলিটি বিল, ব্যাঙ্ক স্টেটমেন্ট, সরকারি চেক, পে-চেক বা সরকারি নথি যা আপনার নাম এবং ঠিকানা প্রদর্শন করে।

ভোটারদের এই আবশ্যকতা থেকে অব্যাহতি দেওয়া হতে পারে যদি তারা তাদের ভোটার নিবন্ধন আবেদনপত্রের সঙ্গে মেইলে এই পরিচয়ের প্রমাণপত্রের একটি **কপি** জমা দেন। আপনি যদি একটি **কপি** জমা করতে চান তাহলে অনুগ্রহ করে নিম্নলিখিতগুলি মনে রাখবেন:

- আপনার রাজ্যের যদি কোনো আনুষঙ্গিক পরিচয়ের আবশ্যকতা থাকে তাহলে আপনি ফেডারেল পরিচয়ের প্রমাণপত্রের আবশ্যকতা পূরণ করলেও নির্বাচন কেন্দ্রে আপনার পরিচয়পত্র প্রদর্শন করতে হতে পারে।
- আবেদনপত্রের সঙ্গে আসল নথি জমা দেবেন না, শুধু **কপি** জমা দেবেন।

## আপনাকে যদি এই আবেদনপত্র একটি স্টেট এজেন্সি বা সরকারি কার্যালয়ে দেওয়া হয়ে থাকে

আপনাকে যদি এই আবেদনপত্রটি একটি স্টেট এজেন্সি বা সরকারি কার্যালয়ে দেওয়া হয়ে থাকে তাহলে এটা ব্যবহার করা আপনার ইচ্ছার ওপর নির্ভর করছে। আপনি যদি ভোট দেওয়ার জন্য নিবন্ধনের জন্য এই আবেদনপত্র ব্যবহার করার সিদ্ধান্ত নেন তাহলে আপনি এটা পূরণ করে স্টেট এজেন্সি বা সরকারি কার্যালয়ে রেখে আসতে পারেন। এটা আপনার হয়ে জমা দিয়ে দেওয়া হবে। অথবা আপনি স্টেট নির্দেশাবলীতে আপনার স্টেটের জন্য দেওয়া ঠিকানায় মেইল করার জন্য সঙ্গে নিয়ে যেতে পারেন। আপনি এটা আপনার স্থানীয় ভোটার রেজিস্ট্রেশন অফিসে সশরীরে গিয়ে জমা দেওয়ার জন্যেও সঙ্গে নিয়ে যেতে পারেন।

দ্রষ্টব্য: আপনি যে স্টেট এজেন্সি বা সরকারি কার্যালয় থেকে আবেদনপত্রটি পেয়েছেন তার নাম এবং ঠিকানা গোপন রাখা হবে। সেটা আপনার আবেদনপত্রে উল্লেখ করা হবে না। এছাড়াও, আপনি যদি ভোট দেওয়ার জন্য নিবন্ধন করার জন্য এই আবেদনপত্র ব্যবহার না করার সিদ্ধান্ত নেন তাহলে সেই সিদ্ধান্তও গোপন রাখা হবে। এটা আপনি সেই এজেন্সি বা কার্যালয় থেকে যে সেবা প্রাপ্ত করেন সেটাকে প্রভাবিত করবে না।

# আবেদনপত্রের নির্দেশাবলী

ফর্মটি পূরণ করার আগে অনুগ্রহ করে ফর্মের শীর্ষে দেওয়া প্রশ্নগুলির উত্তর দিন যাতে জানাতে হবে যে আপনি যুক্তরাষ্ট্রের নাগরিক কিনা এবং নির্বাচনের দিনে বা তার আগে আপনার বয়স 18 বছর হবে কিনা। আপনি যদি এই প্রশ্নগুলির কোনও একটিতে না উত্তর দেন তাহলে আপনি ভোট দেওয়ার জন্য নিবন্ধনের জন্য এই ফর্মটি ব্যবহার করতে পারবেন না। যদিও, স্টেট নির্দিষ্ট নির্দেশাবলীতে 18 বছর বয়স হওয়ার আগে ভোট দেওয়ার জন্য নিবন্ধনের যোগ্যতা সম্পর্কে অতিরিক্ত তথ্য পেতে পারেন।

**বাক্স 1 — নাম**
এই বাক্সে আপনার সম্পূর্ণ নাম এই ক্রমে লিখুন - পদবি, প্রথম, মাঝের নাম। ডাকনাম বা নামের আদ্যক্ষর ব্যবহার করবেন না।
*দ্রষ্টব্য:* যদি এই আবেদনপত্র নাম পরিবর্তন করার জন্য হয় তাহলে **বাক্স A** তে *(ফর্মের নীচের অর্ধাংশে আছে)* আপনার পরিবর্তন করার আগের সম্পূর্ণ নাম আমাদের জানান।

**বাক্স 2 — বাড়ির ঠিকানা**
এই বাক্সে আপনার বাড়ির ঠিকানা লিখুন (বৈধ ঠিকানা)। আপনার চিঠি পাঠানোর ঠিকানা যদি বাড়ির ঠিকানা থেকে আলাদা হয় তাহলে চিঠি পাঠানোর ঠিকানা এই বাক্সে লিখবেন না। কোনো পোস্ট অফিস বক্স বা বক্স নম্বর ছাড়া গ্রামীণ রুট ব্যবহার করবেন **না**। রুট নম্বর ব্যবহার সংক্রান্ত তথ্যের জন্য স্টেট নির্দিষ্ট নির্দেশাবলী দেখুন।

*দ্রষ্টব্য:* আপনি যদি আগে নিবন্ধন করে থাকেন কিন্তু এই প্রথমবার বাক্স 2 এ দেওয়া ঠিকানা থেকে নিবন্ধন করছেন তাহলে অনুগ্রহ করে **বাক্স B** তে *(ফর্মের নীচের অর্ধাংশে আছে)* আপনি আগে কোন ঠিকানা থেকে নিবন্ধন করেছিলেন সেটা আমাদের জানান। অনুগ্রহ করে আপনার যতটা মনে আছে সেইমত যতটা সম্ভব সবিস্তারে ঠিকানাটি আমাদের জানান।

*এছাড়াও মনে রাখবেন:* আপনি যদি কোনও গ্রামীণ এলাকায় বসবাস করেন কিন্তু কোনো স্ট্রীট অ্যাড্রেস না থাকে অথবা আপনার কোনও ঠিকানা না থাকে তাহলে অনুগ্রহ করে আপনি কোথায় থাকেন সেটা বাক্স C তে *(ফর্মের নীচের অর্ধাংশে আছে)* দেওয়া মানচিত্র ব্যবহার করে প্রদর্শন করুন।

**বাক্স 3 — চিঠি পাঠানোর ঠিকানা**
আপনার চিঠিপত্র যে ঠিকানায় আসে সেটা যদি বাক্স 2 এ দেওয়া ঠিকানা থেকে ভিন্ন হয় তাহলে এই বাক্সে আপনার চিঠি পাঠানোর ঠিকানা লিখুন। বাক্স 2 তে আপনার যদি কোনও ঠিকানা না থাকে তাহলে আপনাকে **অবশ্যই** বাক্স 3 এ একটি ঠিকানা লিখতে হবে যেখানে আপনার সঙ্গে চিঠির মাধ্যমে যোগাযোগ করা যাবে।

**বাক্স 4 — জন্ম তারিখ**
এই বাক্সে আপনার জন্ম তারিখ এই ক্রমে লিখুন - মাস, দিন, বছর। *সাবধান, আজকের তারিখ লিখে দেবেন না!*

**বাক্স 5 — টেলিফোন নম্বর**
আপনার আবেদন সম্পর্কে আপনাকে কোনো প্রশ্ন করার থাকলে সেটার জন্য বেশিরভাগ স্টেট আপনার টেলিফোন নম্বর জানতে চায়। কিন্তু আপনার এই বাক্স পূরণ করা বাধ্যতামূলক নয়।

**বাক্স 6 — পরিচয় নম্বর**
ফেডারেল আইন অনুযায়ী প্রত্যেকটি নিবন্ধনের জন্য স্টেটকে একটি শনাক্তকরণ নম্বর সংগ্রহ করতে হয়। আইটেম 6 এর ক্ষেত্রে আপনার স্টেটের জন্য কোন নম্বরটি গ্রহণযোগ্য সেটা জানার জন্য আপনাকে স্টেট নির্দিষ্ট নির্দেশাবলী দেখতে হবে। আপনার যদি ড্রাইভারের লাইসেন্স বা সোশ্যাল সিকিউরিটি নম্বরের একটিও না থাকে তাহলে অনুগ্রহ করে সেটা ফর্মে উল্লেখ করুন এবং আপনার রাজ্য আপনার জন্য একটি নম্বর ধার্য করবে।

**বাক্স 7 — দলের পছন্দ**
কিছু স্টেটে আপনাকে অবশ্যই একটি দলের সঙ্গে নিবন্ধন করতে হবে যদি আপনি সেই দলের প্রাথমিক নির্বাচন, ককাস বা কনভেনশনে অংশগ্রহণ করতে চান। আপনার স্টেটের জন্য এটা আবশ্যিক কিনা জানার জন্য আপনার স্টেটের জন্য দেওয়া নির্দেশাবলীর আইটেম 7 দেখুন।

আপনি যদি কোনও দলের সঙ্গে নিবন্ধন করতে চান তাহলে আপনার পছন্দের দলের সম্পূর্ণ নাম ছাপার হরফে বাক্সে লিখুন।

আপনি যদি কোনও দলের সঙ্গে নিবন্ধন করতে না চান তাহলে "কোনও দল নেই" লিখুন বা বাক্সটি খালি রেখে দিন। আপনি যদি "কোনও দল নেই" বোঝাতে চান তাহলে "স্বাধীন" লিখবেন না কারণ সেটা আপনার স্টেটের কোনো রাজনৈতিক দলের নামের সঙ্গে গুলিয়ে ফেলা হতে পারে।
*দ্রষ্টব্য:* আপনি যদি কোনো দলের সঙ্গে নিবন্ধন না করেন তাহলেও আপনি সাধারণ নির্বাচন এবং অদলীয় (দল ছাড়া) প্রাথমিক নির্বাচনে ভোট দিতে পারবেন।

**বাক্স 8 — জাতি বা জাতি-গোষ্ঠী**
কিছু স্টেট আপনার জাতি বা জাতি-গোষ্ঠী সম্পর্কে জানতে চায় ফেডারেল ভোট দেওয়ার অধিকার আইন (ফেডারেল ভোটিং রাইটস অ্যাক্ট) বলবত করার জন্য। আপনার স্টেট এই তথ্য জানতে চায় কিনা জানার জন্য আপনার স্টেটের জন্য দেওয়া নির্দেশাবলীতে আইটেম 8 দেখুন। যদি তেমন হয় তাহলে নীচের তালিকার যে বিকল্পটি আপনাকে সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে সেটি বাক্স 8 এ লিখুন:

- আমেরিকান ইন্ডিয়ান *বা* আলস্কান নেটিভ
- এশিয়ান বা প্যাসিফিক দ্বীপবাসী
- কৃষ্ণাঙ্গ, স্পেনীয় বংশোদ্ভূত *নয়*
- স্পেনীয়
- বহু-জাতিক
- শ্বেতাঙ্গ, স্পেনীয় বংশোদ্ভূত *নয়*
- অন্যান্য

**বাক্স 9 — স্বাক্ষর**
আপনার স্টেটের জন্য দেওয়া নির্দেশাবলীর আইটেম 9 দেখুন। আপনার স্বাক্ষর করার আগে বা চিহ্ন দেওয়ার আগে নিশ্চিত করুন:

(1) আপনি স্টেটের প্রয়োজনীয়তা পূরণ করেন এবং
(2) আপনি বাক্স 9 এর **সম্পূর্ণ** বিষয়বস্তু বুঝেছেন।

সবশেষে, আপনার **সম্পূর্ণ** নাম স্বাক্ষর করুন এবং আপনার চিহ্ন দিন এবং আজকের তারিখ লিখুন এই ক্রমে - মাস, দিন, বছর। আবেদনকারী যদি স্বাক্ষর করতে না পারেন তাহলে **বাক্স D** তে সেই ব্যক্তির নাম, ঠিকানা এবং টেলিফোন নম্বর (ঐচ্ছিক) লিখুন যিনি আবেদনকারীকে সাহায্য করেছেন।

# ভোটার নিবন্ধন আবেদনপত্র

**Before completing this form, review the General, Application, and State specific instructions.**

**এই ফর্মটি সম্পূর্ণ করার আগে সাধারণ, আবেদনপত্রের এবং স্টেট নির্দিষ্ট নির্দেশাবলী পড়ুন।**

**PLEASE PROVIDE YOUR RESPONSES IN ENGLISH. / অনুগ্রহ করে আপনার উত্তরগুলি ইংরেজিতে দিন।**

Are you a citizen of the United States of America?
আপনি কি একজন মার্কিন যুক্তরাষ্ট্রের একজন নাগরিক?

Will you be 18 years old on or before election day?
নির্বাচনের দিনে বা তার আগে কি আপনার বয়স 18 বছর হবে?

**If you check "No" in response to either of these questions, do not complete form.**
**যদি এই প্রশ্নদুটির কোনোটিতে আপনি "না" নির্বাচন করে থাকেন তাহলে এই ফর্ম সম্পূর্ণ করবেন না।**

(Please see state-specific instructions for rules regarding eligibility to register prior to age 18.)
(18 বছর বয়সের আগে নিবন্ধন করার যোগ্যতা সংক্রান্ত নিয়মাবলীর জন্য অনুগ্রহ করে স্টেট নির্দিষ্ট নির্দেশাবলী দেখুন।)

This space for office use only. / এই স্থানটি কেবলত্র অফিসের ব্যবহারের জন্য।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 1 | | Last Name / পদবি | First Name / নামের প্রথম অংশ | Middle Name(s) / মধ্য নাম(গুলি) | |
| 2 | Home Address / বাড়ির ঠিকানা | Apt. or Lot # / অ্যাপার্টমেন্ট বা লট # | City/Town / শহর/টাউন | State / স্টেট | Zip Code / জিপ কোড |
| 3 | Address Where You Get Your Mail If Different From Above / উপরের থেকে ভিন্ন হলে আপনার চিঠিপত্র যে ঠিকানায় আসে | | City/Town / শহর/টাউন | State / স্টেট | Zip Code / জিপ কোড |

**4** Date of Birth/ জন্ম তারিখ
Month / মাস Day / দিন Year / বছর

**5** Telephone Number (optional) / টেলিফোন নম্বর (ঐচ্ছিক)

**6** ID Number (See Item 6 in the instructions for your state) / আইডি নম্বর -(আপনার স্টেটের জন্য নির্দেশাবলীতে আইটেম 6 দেখুন)

**7** Choice of Party (see item 7 in the instructions for your State) / দলের পছন্দ আপনার স্টেটের জন্য নির্দেশাবলীতে আইটেম 7 দেখুন

**8** Race or Ethnic Group (see item 8 in the instructions for your State) / জাতি বা জাতি-গোষ্ঠী আপনার স্টেটের জন্য নির্দেশাবলীতে আইটেম 8 দেখুন

**9** I have reviewed my state's instructions and I swear /affirm that: / আমি আমার স্টেটের নির্দেশাবলী পড়েছি এবং আমি শপথ/নিশ্চিত করছি যে:

- I am a United States citizen. / আমি যুক্তরাষ্ট্রের একজন নাগরিক
- I meet the eligibility requirements of my state and subscribe to any oath required. / আমি আমার স্টেটের আমি আমার স্টেটের আবশ্যকতা পূরণ করেছি এবং প্রয়োজনীয় সব শপথ গ্রহণ করেছি
- The information I have provided is true to the best of my knowledge under penalty of perjury. If I have provided false information, I may be fined, imprisoned, or (if not a U.S. citizen) deported from or refused entry to the United States. / শপথ ভঙ্গের দণ্ডের অধীনে আমি যে সকল তথ্য প্রদান করেছি সেটা আমার জ্ঞাতসারে সত্য। আমি যদি মিথ্যা তথ্য দিয়ে থাকি তাহলে আমাকে অর্থ দণ্ড, কারাদণ্ড (বা যদি যুক্তরাষ্ট্রের নাগরিক না হই) তাহলে যুক্তরাষ্ট্র থেকে বিতাড়িত বা যুক্তরাষ্ট্রে প্রবেশ করতে না দেওয়া হতে পারে।

Please sign full name (or put mark) / অনুগ্রহ করে পুরো নাম সই করুন (বা চিহ্ন দিন)

Date / তারিখ: Month / মাস Day / দিন Year / বছর

**If you are registering to vote for the first time:** please refer to the application instructions for information on submitting copies of valid identification documents with this form.
**আপনি ভোট দেওয়ার জন্য প্রথমবার নিবন্ধন করলে:** এই ফর্মের সঙ্গে বৈধ শনাক্তকরণ নথির কপি জমা দেওয়ার জন্য অনুগ্রহ করে আবেদনপত্রের নির্দেশাবলী পড়ুন।

## Please fill out the sections below if they apply to you.
## যদি আপনার জন্য প্রযোজ্য হয় তাহলে অনুগ্রহ করে নীচের অংশটি পূরণ করুন।

If this application is for a **change of name**, what was your name before you changed it? / এই আবেদনপত্র যদি **নাম পরিবর্তনের** জন্য হয় তাহলে আপনি পরিবর্তন করার আগে আপনার নাম কি ছিল?

| | | | | | |
|---|---|---|---|---|---|
| A | | Last Name / পদবি | First Name / নামের প্রথম অংশ নাম | Middle Name(s) / মধ্য নাম(গুলি) | |


If you were **registered before but this is the first time you are registering from the address in Box 2,** what was your address where you were registered before?
আপনি যদি আগে নিবন্ধন করে থাকেন কিন্তু এই প্রথমবার বাক্স 2 এ দেওয়া ঠিকানা থেকে নিবন্ধন করছেন তাহলে আপনি আগে যেখানে নিবন্ধন করেছিলেন সেই ঠিকানাটি কি ছিল?

| | | | | | |
|---|---|---|---|---|---|
| B | Street (or route and box number) / স্ট্রীট (অথবা রুট এবং বক্স নম্বর) | Apt. or Lot # / এপার্টমেন্ট বা লট # | City/Town/County / শহর/টাউন/কাউন্টি | State / স্টেট | State / স্টেট |

If you live in a rural area but do not have a street number, or if you have no address, please show on the map where you live.
আপনি যদি গ্রামীণ অঞ্চলে বসবাস করেন কিন্তু আপনার কোনও স্ট্রীট নম্বর না থাকে, বা আপনার কোনও ঠিকানা না থাকে তাহলে অনুগ্রহ করে আপনি কোথায় থাকেন সেটা মানচিত্রে প্রদর্শন করুন।

**C**

- Write in the names of the crossroads (or streets) nearest to where you live. / আপনি যেখানে থাকেন তার সবচেয়ে নিকটবর্তী চৌরাস্তা (বা রাস্তার) নাম লিখুন।
- Draw an X to show where you live. / আপনি যেখানে থাকেন সেটি নির্দেশে একটি X আঁকুন।
- Use a dot to show any schools, churches, stores, or other landmarks near where you live, and write the name of the landmark. / আপনি যেখানে থাকেন তার কাছাকাছি কোনো স্কুল, চার্চ, দোকান বা অন্য কোনো লক্ষণীয় স্থান দেখানোর জন্য একটি বিন্দু ব্যবহার করুন এবং সেই লক্ষণীয় স্থানের নাম লিখুন।




**NORTH / উত্তর ↑**

If the applicant is unable to sign, who helped the applicant fill out this application? Give name, address and phone number (phone number optional).
আবেদনকারী যদি সই করতে না পারেন তাহলে আবেদনকারীকে এই আবেদনপত্রটি পূরণ করতে কে সাহায্য করেছেন? নাম ঠিকানা এবং ফোন নম্বর উল্লেখ করুন (ফোন নম্বর ঐচ্ছিক)।

| | |
|---|---|
| D | |

**Mail this application to the address provided for your State.**
**আপনার স্টেটের জন্য যে ঠিকানা দেওয়া হয়েছে সেটাতে এই আবেদনপত্রটি মেইল করুন।**

OMB নিয়ন্ত্রণ নম্বর 3265-0015

# FOR OFFICIAL USE ONLY

FIRST CLASS STAMP NECESSARY FOR MAILING

OFFICIAL ELECTION MAIL
Authorized by the U.S. Postal Service ®

OMB নিয়ন্ত্রণ নম্বর 3265-0015

# ভোটার নিবন্ধন আবেদনপত্র

**Before completing this form, review the General, Application, and State specific instructions.**

**এই ফরমটি পূরণ করার আগে সাধারণ, আবেদনপত্রের এবং স্টেট নির্দিষ্ট নির্দেশাবলী পড়ুন।**

**PLEASE PROVIDE YOUR RESPONSES IN ENGLISH. / অনুগ্রহ করে আপনার উত্তরগুলো ইংরেজিতে দিন।**

| | | | | |
|---|---|---|---|---|
| আপনি কি মার্কিন যুক্তরাষ্ট্রের একজন নাগরিক? ☐ Yes হ্যাঁ ☐ No না<br>Will you be 18 years old on or before election day? নির্বাচনের দিন বা তার আগে কি আপনার বয়স 18 বছর হবে? ☐ Yes হ্যাঁ ☐ No না<br>If you check "No" in response to either of these questions, do not complete form.<br>যদি এই প্রশ্ন দুটির কোনোটিতে আপনি "না" নির্বাচন করে থাকেন তাহলে এই ফরমটি পূরণ করবেন না।<br>(Please see state-specific instructions for rules regarding eligibility to register prior to age 18.)<br>(18 বছর বয়সের আগে নিবন্ধন করার যোগ্যতা সংক্রান্ত নিয়মাবলীর জন্য অনুগ্রহ করে স্টেট নির্দিষ্ট নির্দেশাবলী দেখুন।) | | | | This space for office use only. / এই স্থান কেবল অফিসের ব্যবহারের জন্য। |
| **1** (Circle one) / (একটিতে গোল দাগ দিন) Mr. / শ্রী Mrs. / শ্রমতী Miss / কুমারী Ms. / শ্রীযুক্তা | Last Name / পদবি | First Name / নামের প্রথম অংশ | Middle Name(s) / মধ্য নাম(গুলি) | (Circle one) / (একটিতে গোল দাগ দিন) জুনিয়র সিনিয়র II III IV |
| **2** Home Address / বাড়ির ঠিকানা | Apt. or Lot # / অ্যাপার্টমেন্ট বা লট # | City/Town / শহর/টাউন | State / স্টেট | Zip Code / জিপ কোড |
| **3** Address Where You Get Your Mail If Different From Above / উপরের থেকে ভিন্ন হলে আপনার চিঠিপত্র যে ঠিকানায় আসে | | City/Town / শহর/টাউন | State / স্টেট | Zip Code / জিপ কোড |
| **4** Date of Birth / জন্ম তারিখ<br>Month / মাস Day / দিন Year / বছর | **5** Telephone Number (optional) / টেলিফোন নম্বর (ঐচ্ছিক) | **6** ID Number (See Item 6 in the instructions for your state) / আইডি নম্বর (আপনার স্টেটের জন্য নির্দেশাবলীতে আইটেম 6 দেখুন) | | |
| **7** Choice of Party (see item 7 in the instructions for your State) / দলের পছন্দ (আপনার স্টেটের জন্য নির্দেশাবলীতে আইটেম 7 দেখুন) | **8** Race or Ethnic Group (see item 8 in the instructions for your State) / জাতি বা জাতি-গোষ্ঠী (আপনার স্টেটের জন্য নির্দেশাবলীতে আইটেম 8 দেখুন) | | | |

**9** I have reviewed my state's instructions and I swear/affirm that: / আমি আমার স্টেটের নির্দেশাবলী পড়েছি এবং আমি শপথ/নিশ্চিত করছি যে:

- I am a United States citizen. / আমি যুক্তরাষ্ট্রের নাগরিক
- I meet the eligibility requirements of my state and subscribe to any oath required. / আমি আমার স্টেটের আবশ্যকতা পূরণ করেছি এবং প্রয়োজনীয় সমস্ত শপথ গ্রহণ করেছি।
- The information I have provided is true to the best of my knowledge under penalty of perjury. If I have provided false information, I may be fined, imprisoned, or (if not a U.S. citizen) deported from or refused entry to the United States. / শপথ ভঙ্গের দণ্ডের অধীনে আমি যে সমস্ত তথ্য প্রদান করেছি সেটা আমার জ্ঞানের পরিধি অনুযায়ী সত্য। আমি যদি মিথ্যা তথ্য দিয়ে থাকি তাহলে আমাকে অর্থ দণ্ড, কারাদণ্ড, বা (যদি ইউ.এস. নাগরিক না হই) তাহলে যুক্তরাষ্ট্র থেকে বিতাড়িত বা যুক্তরাষ্ট্রে প্রবেশ করতে না দেওয়া হতে পারে।

Please sign full name (or put mark) /অনুগ্রহ করে পুরো নাম সই করুন (বা চিহ্ন দিন)

Date / তারিখ: Month / মাস Day / দিন Year / বছর

**If you are registering to vote for the first time:** please refer to the application instructions for information on submitting copies of valid identification documents with this form.

**আপনি ভোট দেওয়ার জন্য প্রথমবার নিবন্ধন করলে:** এই ফর্মের সঙ্গে বৈধ শনাক্তকরণ নথির কপি জমা দেওয়ার জন্য অনুগ্রহ করে আবেদনপত্রের নির্দেশাবলী পড়ুন।

## Please fill out the sections below if they apply to you.

## যদি আপনার জন্য প্রযোজ্য হয় তাহলে অনুগ্রহ করে নীচের অংশটি পূরণ করুন।

**If this application is for a change of name, what was your name before you changed it? / এই আবেদনপত্র যদি নাম পরিবর্তনের জন্য হয় তাহলে আপনি পরিবর্তন করার আগে আপনার নাম কি ছিল?**

| | | | | |
|---|---|---|---|---|
| **A** Mr. / শ্রী<br>Mrs. /শ্রীমতি<br>Miss / কুমারী<br>Ms. / শ্রীযুক্তা | Last Name / পদবি | First Name / নামের প্রথম অংশ | Middle Name(s) / মধ্য নাম(গুলি) | (Circle one) / (একটিতে গোল দাগ দিন) জুনিয়র সিনিয়র II III IV |

**If you were registered before but this is the first time you are registering from the address in Box 2, what was your address where you were registered before?**

**আপনি যদি আগে নিবন্ধন করে থাকেন কিন্তু এই প্রথমবার বাক্স 2-এ দেওয়া ঠিকানা থেকে নিবন্ধন করছেন তাহলে আপনি আগে যেখানে নিবন্ধন করেছিলেন সেই ঠিকানাটি কি ছিলো?**


| | | | | |
|---|---|---|---|---|
| **B** Street (or route and box number) / স্ট্রীট (অথবা রুট ও বক্স নম্বর) | Apt. or Lot # / অ্যাপার্টমেন্ট বা লট# | City/Town/County / শহর/টাউন/কাউন্টি | State / স্টেট | Zip Code / জিপ কোড |

**If you live in a rural area but do not have a street number, or if you have no address, please show on the map where you live.**

**আপনি যদি গ্রামীণ অঞ্চলে বসবাস করেন কিন্তু আপনার কোনো স্ট্রীট নম্বর না থাকে, বা আপনার কোনো ঠিকানা না থাকে তাহলে অনুগ্রহ করে আপনি কোথায় থাকেন সেটা মানচিত্রে প্রদর্শন করুন।**

**C**

- Write in the names of the crossroads (or streets) nearest to where you live. / আপনি যেখানে থাকেন তার সবচেয়ে নিকটবর্তী চৌরাস্তা (বা স্ট্রীটের) নাম লিখুন।
- Draw an X to show where you live. / আপনি যেখানে থাকে সেখানে একটি X আঁকুন।
- Use a dot to show any schools, churches, stores, or other landmarks near where you live, and write the name of the landmark. / আপনি যেখানে থাকেন তার কাছাকাছি কোনো স্কুল, চার্চ, দোকান বা অন্য কোনো লক্ষণীয় স্থান দেখানোর জন্য একটি বিন্দু ব্যবহার করুন এবং সেই লক্ষণীয় স্থানের নাম লিখুন।




NORTH / উত্তর ↑

**If the applicant is unable to sign, who helped the applicant fill out this application? Give name, address and phone number (phone number optional).**

**আবেদনকারী যদি সই করতে না পারেন তাহলে আবেদনকারীকে এই আবেদনপত্রটি পূরণ করতে কে সাহায্য করেছেন? নাম ঠিকানা এবং ফোন নম্বর উল্লেখ করুন (ফোন নম্বর ঐচ্ছিক)।**

| |
|---|
| **D** |

**Mail this application to the address provided for your State.**

**আপনার স্টেটের জন্য যে ঠিকানা দেওয়া হয়েছে সেটাতে এই আবেদনপত্রটি মেইল করুন।**

OMB নিয়ন্ত্রণ নম্বর 3265-0015

# FOR OFFICIAL USE ONLY

FIRST CLASS STAMP NECESSARY FOR MAILING

OFFICIAL ELECTION MAIL
Authorized by the U.S. Postal Service ®

OMB নিয়ন্ত্রণ নম্বর 3265-0015

## অ্যালাব্যামা

**হালনাগাদের তারিখ: 08-31-2018**

**নিবন্ধনের সময়সীমা** — কোনো নির্বাচনের চৌদ্দ আগে থেকে ভোটার নিবন্ধন বন্ধ থাকবে৷ আবেদনপত্র নির্বাচনের পনের দিন আগে পোস্টমার্ক করা হতে হবে বা পৌঁছতে হবে৷

**6. পরিচয় নম্বর৷** আপনার যদি অ্যালাব্যামা ড্রাইভারের লাইসেন্স নম্বর বা অ্যালাব্যামা নন‌ড্রাইভার শনাক্তকরণ কার্ড নম্বরের একটি থাকে তাহলে সেটি আপনাকে অবশ্যই প্রদান করতে হবে৷ আপনার যদি অ্যালাব্যামা ড্রাইভারের লাইসেন্স বা অ্যালাব্যামা নন‌ড্রাইভার শনাক্তকরণ কার্ডের কোনটি না থাকে তাহলে আপনাকে অবশ্যই আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা প্রদান করতে হবে৷ আপনার জন্য যদি এই নম্বরগুলির কোনটি জারি করা না হয়ে থাকে তাহলে আপনাকে অবশ্যই "কোনটি নয়" কথাটি লিখতে হবে এবং আপনাকে একটি অনন্য শনাক্তকরণ নম্বর দেওয়া হবে৷

**7. দলের পছন্দ৷** ঐচ্ছিক: আপনি যদি কোনও দলের প্রাথমিক নির্বাচন, ককাস বা কনভেনশনে অংশগ্রহণ করতে চান তাহলে সেই দলের সঙ্গে নিবন্ধন করা আবশ্যিক নয়৷

**8. জাতি বা জাতি-গোষ্ঠী৷** আপনাকে এই বাক্সটি পূরণ করতে হবে; কিন্তু আপনি এটা না করলেও আপনার আবেদনপত্র প্রত্যাখ্যান করা হবে না৷ পছন্দগুলির তালিকা দেখার জন্য আবেদনপত্রের নির্দেশাবলীর বাক্স **8** (পৃষ্ঠা **2**-এ) দেখুন৷

**9. স্বাক্ষর৷** অ্যালাবামাতে নিবন্ধীভুক্ত হতে গেলে আপনাকে অবশ্যই:

- মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হতে হবে
- নিবন্ধীকরণের সময় অ্যালাবামা তথা আপনার কাউন্টির বাসিন্দা হতে হবে
- কোন নির্বাচনের আগে 18 বছর বয়সী হতে হবে
- নৈতিক স্খলনযুক্ত গুরুতর অপরাধী হলে চলবে না (অথবা আপনার নাগরিক বা রাজনৈতিক অধিকারগুলি পুনর্বহাল হয়ে থাকতে হবে) নৈতিক স্খলনযুক্ত গুরুতর অপরাধের তালিকাটি সেক্রেটারি অব স্টেট-এর নিম্নোক্ত ওয়েব সাইটে পাওয়া যাবে: sos.alabama.gov/mtfelonies
- কোন যোগ্যতা প্রমাণের শুনানিতে বর্তমানে একজন মানসিক ভারসাম্যহীন হিসেবে ঘোষিত হলে চলবে না
- এই মর্মে শপথ ও নিশ্চিত করতে হবে যে, "আপনি যুক্তরাষ্ট্র তথা অ্যালাবামা রাজ্যের সংবিধানকে সমর্থন ও রক্ষা করবেন এবং সেই সমস্ত মতবাদ বা সেই সমস্ত গোষ্ঠীর সঙ্গে সম্বন্ধকে অস্বীকার করবেন যারা বেআইনিভাবে মার্কিন যুক্তরাষ্ট্র তথা অ্যালাবামা রাজ্যের সরকারগুলিকে ফেলে দেবার পক্ষে প্রচারণা চালায় এবং এটা যে, এখানে যেসব তথ্য রয়েছে সেগুলি সত্যি, তাই সৃষ্টিকর্তা আপনার সহায় হোন"

**চিঠি পাঠানোর ঠিকানা:**

সেক্রেটারি অফ স্টেটের কার্যালয়
P.O. Box 5616
Montgomery, AL 36103-5616

## আলাস্কা

**হালনাগাদের তারিখ: 03-01-2006**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 30 দিন আগে পর্যন্ত৷

**6. পরিচয় নম্বর৷** আপনাকে নিম্নলিখিত শনাক্তকরণ নম্বরগুলির একটি অবশ্যই প্রদান করতে হবে: আলাস্কা ড্রাইভারের লাইসেন্স বা আলাস্কা স্টেট আইডেন্টিফিকেশন কার্ড নম্বর৷ আপনার কাছে যদি আলাস্কা ড্রাইভারের লাইসেন্স বা আলাস্কা স্টেট আইডেন্টিফিকেশন কার্ড না থাকে তাহলে আপনাকে অবশ্যই আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা প্রদান করতে হবে৷ আপনার কাছে যদি এই শনাক্তকরণ নম্বরের কোনটিই না থাকে তাহলে অনুগ্রহ করে ফর্মে "কোনটিই নয়" লিখুন৷ ভোটার নিবন্ধনের জন্য একটি অনন্য শনাক্তকরণ নম্বর আপনার জন্য ধার্য করা হবে৷ এই তথ্য গোপন রাখা হবে৷ এই তথ্য আপনার ভোটারের রেকর্ড রক্ষণাবেক্ষণ করতে সাহায্য করবে এবং আপনার পরিচয় যাচাই করার ক্ষেত্রে সাহায্য করতে পারে (আলাস্কা বিধির টাইটেল 15)৷

**7. দলের পছন্দ৷** ভোটের জন্য নিবন্ধনের সময় আপনাকে কোনও দলের সঙ্গে সংশ্লিষ্টতা ঘোষণা করতে হবে না৷ আপনি কোনও দল নির্বাচন না করলে আপনাকে অঘোষিত রূপে নিবন্ধিত করা হবে৷ আলাস্কায় বদ্ধ প্রাথমিক নির্বাচনের প্রণালী অনুসৃত হয়৷ প্রত্যেক শনাক্ত করা রাজনৈতিক দলের একটি পৃথক ব্যালট তালিকা থাকে যাতে সেই রাজনৈতিক দলের প্রার্থীরা থাকেন৷ কোনও রাজনৈতিক দলের সদস্য হিসাবে নিবন্ধিত ভোটার কেবল সেই দলের ব্যালটে ভোট দিতে পারেন৷ অঘোষিত বা অদলীয় হিসাবে নিবন্ধিত ভোটাররা উপলভ্য ব্যালট থেকে যেকোনো একটি নির্বাচন করতে পারেন৷

**8. জাতি বা জাতি-গোষ্ঠী৷** খালি রাখুন৷

**9. স্বাক্ষর৷** আলাস্কাতে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের নাগরিক হতে হবে
- এই নিবন্ধন সম্পূর্ণ করার 90 দিনের মধ্যে কমপক্ষে 18 বছর বয়স হতে হবে
- আলাস্কার নিবাসী হতে হবে
- দোষী সাব্যস্ত করা হয়েছে এমন অপরাধী হতে পারবেন না (যদি না শর্তবিহীন ভাবে খালাস করা হয়)
- অন্য কোনও স্টেটে ভোটের জন্য নিবন্ধিত থাকতে পারবেন না৷

**চিঠি পাঠানোর ঠিকানা:**

ডিভিশন অফ ইলেকশনস
স্টেট অফ আলাস্কা
PO Box 110017
Juneau, AK 99811-0017

## অ্যারিজোনা

**হালনাগাদের তারিখ: 03-01-2006**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 29 দিন আগে পর্যন্ত৷

**6. পরিচয় নম্বর৷** আপনার সম্পূর্ণ করা ভোটার নিবন্ধন ফর্মে অবশ্যই অ্যারিজোনা ড্রাইভার লাইসেন্সের নম্বর, বা A.R.S. § 28-3165 অনুযায়ী জারি করা নিষ্ক্রিয় শনাক্তকরণ লাইসেন্স (নন-অপারেটিং আইডেন্টিফিকেশন লাইসেন্স), যদি লাইসেন্সটি সাম্প্রতিক এবং বৈধ হয়, সেটি উল্লেখ করতে হবে৷ আপনার কাছে যদি একটি সাম্প্রতিক এবং বৈধ অ্যারিজোনা ড্রাইভার লাইসেন্স বা নিষ্ক্রিয় শনাক্তকরণ লাইসেন্স *না থাকে* তাহলে আপনার জন্য যদি জারি করা হয়ে থাকে তাহলে আপনাকে আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা উল্লেখ করতে হবে৷ আপনার কাছে যদি একটি সাম্প্রতিক এবং বৈধ অ্যারিজোনা ড্রাইভার লাইসেন্স বা নিষ্ক্রিয় শনাক্তকরণ লাইসেন্স বা সোশ্যাল সিকিউরিটি নম্বর

না থাকে তাহলে অনুগ্রহ করে ফর্মে "কোনটিই নয়" লিখুন। সেক্রেটারি অফ স্টেট আপনার জন্য একটি অনন্য শনাক্তকরণ নম্বর ধার্য করবে।

**7. দলের পছন্দ।** আপনি যদি এমন কোনো রাজনৈতিক দলে নিবন্ধিত থাকেন যারা ব্যালট স্বীকৃতির জন্য যোগ্যতা প্রাপ্ত করেছেন তাহলে আপনি সেই দলের প্রাথমিক নির্বাচনের ব্যালটে ভোট দিতে পারবেন। আপনি যদি স্বাধীন, দলের কোনও পছন্দ নেই বা এমন কোনও দলের সদস্য হিসাবে নিবন্ধিত থাকেন যারা ব্যালট স্বীকৃতির যোগ্যতা অর্জন করেনি তাহলে আপনি স্বীকৃত রাজনৈতিক দলগুলির একটির জন্য প্রাথমিক নির্বাচনের ব্যালট পছন্দ করতে এবং ভোট দিতে পারেন।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** অ্যারিজোনাতে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- পরবর্তী নির্বাচনের অন্তত 29 দিন আগে থেকে অ্যারিজোনা এবং আপনার কাউন্টির নিবাসী হতে হবে
- পরবর্তী সাধারণ নির্বাচনের সময়ে বা তার আগে কমপক্ষে 18 বছর বয়স হতে হবে
- কোনও অপরাধ বা রাজদ্রোহের জন্য দোষী সাব্যস্ত হওয়া চলবে না (বা আপনার নাগরিক অধিকার পুনরুদ্ধার করা হয়ে থাকলে)
- কোনও আদালত আপনাকে বর্তমানে অক্ষম রূপে ঘোষণা করেনি।

**চিঠি পাঠানোর ঠিকানা:**

সেক্রেটারি অফ স্টেট/ইলেকশনস
1700 W. Washington, 7th Floor
Phoenix, AZ 85007-2888

## আরকানসাস

**হালনাগাদের তারিখ: 03-01-2006**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 30 দিন আগে পর্যন্ত।

**6. পরিচয় নম্বর।** আপনার সম্পূর্ণ করা ভোটার নিবন্ধন ফর্মে অবশ্যই স্টেট দ্বারা জারি করা ড্রাইভারের লাইসেন্স নম্বর বা নিষ্ক্রিয় পরিচয়পত্র নম্বর (ননঅপারেটিং আইডেন্টিফিকেশন নম্বর) থাকতে হবে। আপনার যদি ড্রাইভারের লাইসেন্স বা নিষ্ক্রিয় পরিচয়পত্র না থাকে তাহলে আপনাকে অবশ্যই আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা উল্লেখ করতে হবে। আপনার কাছে যদি ড্রাইভারের লাইসেন্স বা নিষ্ক্রিয় পরিচয়পত্র বা সোশ্যাল সিকিউরিটি নম্বর না থাকে তাহলে অনুগ্রহ করে ফর্মে "কোনটিই নয়" লিখুন। স্টেট আপনার জন্য একটি অনন্য শনাক্তকরণ নম্বর ধার্য করবে।

**7. দলের পছন্দ।** ঐচ্ছিক। আপনি যদি কোনও দলের প্রাথমিক নির্বাচন, ককাস বা কনভেনশনে অংশগ্রহণ করতে চান তার জন্য আপনার কোনও দলের সঙ্গে নিবন্ধন করার প্রয়োজন নেই।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** আরকানসাসে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- আরকানসাস এবং বাক্স 2 এ দেওয়া ঠিকানায় বসবাস করতে হবে
- পরবর্তী নির্বাচনের আগে কমপক্ষে 18 বছর বয়স হতে হবে
- কোনো অপরাধে দোষী সাব্যস্ত হওয়া চলবে না (বা আপনাকে সম্পূর্ণ শাস্তি থেকে অব্যাহতি দেওয়া হয়েছে বা শাস্তি মকুব করা হয়েছে)
- অন্য কোনো নির্বাচনের ক্ষেত্রে ভোট দেওয়ার অধিকার দাবী করেননি
- যোগ্যতার অধিক্ষেত্রের কোনও আদালত আপনাকে অতীতে মানসিকভাবে অক্ষম রূপে সাব্যস্ত করেনি।

**চিঠি পাঠানোর ঠিকানা:**

সেক্রেটারি অফ স্টেট
ভোটার সার্ভিসেস
P.O. Box 8111
Little Rock, AR 72203-8111

## ক্যালিফোর্নিয়া

**হালনাগাদের তারিখ: 10-10-2021**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 15 দিন আগে; নির্বাচনের দিন পর্যন্ত এবং নির্বাচনের দিনেও শর্তসাপেক্ষে ভোটার নিবন্ধন।

**6. পরিচয় নম্বর।** আপনি যখন ভোট দেওয়ার জন্য নিবন্ধন করবেন, তখন আপনার কাছে যদি ক্যালিফোর্নিয়ার ড্রাইভিং লাইসেন্স বা ক্যালিফোর্নিয়ার পরিচয়পত্রের নম্বর থাকে তা অবশ্যই দিতে হবে। আপনার কাছে যদি ড্রাইভিং লাইসেন্স বা আইডি কার্ড কোনোটিই না থাকে, সেক্ষেত্রে আপনাকে অবশ্যই আপনার সামাজিক সুরক্ষা নম্বর বা সোশাল সিকিউরিটি নাম্বার (SSN)-এর শেষ চারটি সংখ্যা দিতে হবে। আপনি যদি এই তথ্য অন্তর্ভুক্ত না করে থাকেন এবং যদি ফেডারেল নির্বাচনে প্রথমবারের মতো ভোট দিয়ে থাকেন সেক্ষেত্রে ভোট প্রদানের সময় আপনাকে পরিচয় সনাক্তকরণ তথ্য প্রদান করতে হবে।

**7. দলের পছন্দ।** আপনি যদি কোনো দলকে বেছে নিতে চান, তাহলে অনুগ্রহ করে করে উক্ত রাজনৈতিক দলটির নাম লিখুন। আপনি যদি কোনো রাজনৈতিক দলকে বেছে নিতে না চান, তাহলে প্রদত্ত স্থানে "কোন পছন্দের রাজনৈতিক দল নেই" কথাটি লিখুন। ক্যালিফোর্নিয়ার আইন সেসব ভোটদাতা রাষ্ট্রপতি নির্বাচনের প্রাথমিক নির্বাচন পর্বে "কোন পছন্দের দল নেই" অপশনটি বেছে নেন অথবা যাঁরা যোগ্য রাজনৈতিক দলের পরিবর্তে কোন একটি অযোগ্য রাজনৈতিক দলকে ভোট দেবার জন্য মনস্থির করেন তাদেরকেও ভোট দেওয়ার সুযোগ দেয়, যদি সংশ্লিষ্ট দল সেক্রেটারি অব স্টেট-এর কাছে এসব ভোটারদের জন্য সে সুযোগ চায়। কিছু কিছু রাজনৈতিক দল "কোনো পছন্দের দল নেই" এমন ভোটারদের স্বীকৃতি দিচ্ছে এবং রাষ্ট্রপতি নির্বাচনে প্রাথমিকপর্বে অংশগ্রহণের জন্য কোনো কোনো ভোটার অযোগ্য রাজনৈতিক দলের প্রতি তাদের পছন্দ প্রকাশ করেছেন সে ব্যাপারে জানার জন্য আপনি 1-800-345-VOTE-এ ফোন করতে পারেন অথবা www.sos.ca.gov পরিদর্শন করতে পারেন।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** ক্যালিফোর্নিয়ায় নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- মার্কিন যুক্তরাষ্ট্রের একজন নাগিরক হতে হবে
- ক্যালিফোর্নিয়ার নিবাসী হতে হবে
- অবশ্যই 16 বছর বয়সী হতে হবে, কিন্তু আপনি যে নির্বাচনে ভোট দিতে চান সে নির্বাচনের দিন অবশ্যই 18 বছর বা তার বেশি বয়সী হতে হবে
- কোন ফৌজদারি অপরাধে দণ্ডিত হয়ে স্টেট বা ফেডারেল কারাগারে বর্তমানে বন্দি নন
- বর্তমানে গুরুতর অপরাধের অপরাধী হিসেবে কোন রাজ্য বা কেন্দ্রীয় সরকারি জেলে অথবা প্যারোলে থাকা চলবে না

• কোন আদালত দ্বারা বর্তমানে ভোটদানে অযোগ্য হিসেবে চিহ্নিত অবস্থায় থাকা চলবে না স্বাক্ষর আবশ্যিক। আপনি যদি উপরে প্রদত্ত আবশ্যক পূরণ করেন তাহলে অনুগ্রহ করে রেজিস্ট্রেশন কার্ডের প্রদত্ত স্থানে স্বাক্ষর করুন ও তারিখ লিখুন।

**চিঠি পাঠানোর ঠিকানা:**

রাষ্ট্রসচিব
নির্বাচন বিভাগ
1500 11th Street, 5th Floor
Sacramento, CA 95814

## কলোরাডো

**হালনাগাদের তারিখ: 10-16-2018**

**নিবন্ধনের সময়সী** — আপনি নির্বাচনের দিন পর্যন্ত নিবন্ধন করতে পারবেন। ডাকযোগে ব্যালট পাঠানোর জন্য আপনাকে অবশ্যই নির্বাচনের 8 দিন আগে নিবন্ধন করতে হবে। আপনি নির্বাচনের 8 দিন আগে নিবন্ধন না করলে, ভোট প্রদানের জন্য আপনাকে অবশ্যই সশরীরে কাউন্টিতে উপস্থিত হতে হবে।।

**6. পরিচয় নম্বর।** আপনার সম্পূর্ণ করা ভোটার নিবন্ধন ফর্মে অবশ্যই স্টেট দ্বারা জারি করা ড্রাইভারের লাইসেন্স নম্বর বা পরিচয়পত্রের নম্বর থাকতে হবে। আপনার যদি ড্রাইভারের লাইসেন্স বা স্টেট দ্বারা জারি করা পরিচয়পত্র না থাকে তাহলে আপনাকে অবশ্যই আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা উল্লেখ করতে হবে। আপনার কাছে যদি ড্রাইভারের লাইসেন্স বা স্টেট দ্বারা জারি করা পরিচয়পত্র বা সোশ্যাল সিকিউরিটি নম্বর না থাকে তাহলে অনুগ্রহ করে ফর্মে "কোনটিই নয়" লিখুন। স্টেট আপনার জন্য একটি অনন্য শনাক্তকরণ নম্বর ধার্য করবে।

**7.পছন্দের দল।** আপনি একটি দলে নিবন্ধন করতে পারেন। এই সেকশনটি খালি রাখলে আপনি কোনো দলে নিবন্ধিত হবেন না।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** কলোরাডো-তে নিবন্ধন করতে আপনাকে অবশ্যই:

• যুক্তরাষ্ট্রের নাগারিক হতে হবে।

• আপনি যে নির্বাচনে ভোট দিতে চান সে নির্বাচনের পূর্বে কমপক্ষে 22 দিন কলোরাডোতে বসবাস করতে হবে

• অবশ্যই 16 বছর বয়সী হতে হবে, কিন্তু আপনি যে নির্বাচনে ভোট দিতে চান সে নির্বাচনের দিন অবশ্যই 18 বছরে পদার্পণ করতে হবে

• কোনো ফৌজদারি অপরাধে দণ্ড (প্যারোলসহ) ভোগ করছেন না

**ডাক ঠিকানা:**

কলোরাডো সেক্রেটারি অব স্টেট
1700 Broadway, Suite 270
Denver, Colorado 80290

## কানেকটিকাট

**হালনাগাদ করার তারিখ: 09-03-2019**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের সাত (7) দিন আগে ডাকের মোহরকৃত; প্রাইমারির পাঁচ (5) দিন আগে ডাকের মোহরকৃত।

**6. পরিচয় নম্বর।** কানেকটিকাট ড্রাইভার লাইসেন্সের নম্বর, বা না থাকলে আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা।

**7. দলের পছন্দ।** এটা ঐচ্ছিক, কিন্তু আপনি যদি কোনো দলের প্রাথমিক নির্বাচন, ককাস বা কনভেনশনে অংশগ্রহণ করতে চান তাহলে তার জন্য আপনাকে অবশ্যই সেই দলের সঙ্গে নিবন্ধন করতে হবে।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** কানেকটিকাটে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

• যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে

• কানেকটিকাট এবং আপনি যে শহরে ভোট দিতে চান সেখানে বসবাস করতে হবে

• 17 বছর বয়সী হতে হবে। নির্বাচনের দিন বা তার আগে যারা বয়স 18 বছরে উপনীত হবেন তারা সাধারণ প্রাইমারিতে অংশ নিতে পারবেন।

• আগে কোনো অপরাধে দোষী সাব্যস্ত হয়ে থাকলে কারাবাস এবং প্যারোল সম্পূর্ণ করেছেন, এবং ভোটারদের রেজিস্ট্রারস আপনার ভোটের অধিকার পুনরুদ্ধার করেছেন।

• কোনো আদালত আপনাকে বর্তমানে ভোট দেওয়ার জন্য মানসিকভাবে অক্ষম রূপে সাব্যস্ত করেনি।

**চিঠি পাঠানোর ঠিকানা:**

কানেকটিকাট অঙ্গরাজ্যের
সেক্রেটারি অব স্টেট
নির্বাচন বিভাগ
P.O. বক্স 150470
হার্টফোর্ড, CT 06115-0470

## ডেলাওয়্যার

**হালনাগাদের তারিখ: 04-18-2018**

**নিবন্ধনের সময়সীমা** — প্রাথমিক এবং সাধারণ নির্বাচনের আগের 4র্থ শনিবার পর্যন্ত, এবং বিশেষ নির্বাচনের 10 দিন আগে পর্যন্ত।

**6. পরিচয় নম্বর।** আপনার সম্পূর্ণ করা ভোটার নিবন্ধন ফর্মে অবশ্যই স্টেট দ্বারা জারি করা ড্রাইভারের লাইসেন্স নম্বর বা নিষ্ক্রিয় পরিচয়পত্রের নম্বর (ননঅপারেটিং আইডেন্টিফিকেশন নম্বর) থাকতে হবে। আপনার যদি ড্রাইভারের লাইসেন্স বা নিষ্ক্রিয় পরিচয়পত্র না থাকে তাহলে আপনাকে অবশ্যই আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা উল্লেখ করতে হবে। আপনার কাছে যদি ড্রাইভারের লাইসেন্স বা নিষ্ক্রিয় পরিচয়পত্র বা সোশ্যাল সিকিউরিটি নম্বর না থাকে তাহলে অনুগ্রহ করে ফর্মে "কোনটিই নয়" লিখুন। স্টেট আপনার জন্য একটি অনন্য শনাক্তকরণ নম্বর ধার্য করবে।

**7. দলের পছন্দ।** আপনি যদি কোনো দলের প্রাথমিক নির্বাচন, ককাস বা কনভেনশনে অংশগ্রহণ করতে চান তাহলে তার জন্য আপনাকে অবশ্যই সেই দলের সঙ্গে নিবন্ধন করতে হবে।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** আপনি ডেলওয়ার-এ ভোট দিতে নিবন্ধন করতে পারবেন যদি আপনি:

• যুক্তরাষ্ট্রের নাগরিক হন, এবং

• ডেলওয়ার-এর অধিবাসী হন; (আপনার বাসা ডেলওয়ার-এ), এবং

• আসন্ন সাধারণ নির্বাচনের দিন বা এর আগেই আপনার বয়স 18 বছর পূর্ণ হবে।

• আপনি ডেলওয়ার-এ ভোট দিতে নিবন্ধন করতে পারবেন না যদি আপনি:

• মানসিকভাবে অনুপযুক্ত ঘোষিত হন। মানসিকভাবে অনুপযুক্ত বলতে বোঝাবে, বিচারিক তত্ত্বাবধানে বা সমমানের প্রক্রিয়ায় কোনো ব্যক্তির

আচরণে গুরুতর বৈকল্য থাকার সুস্পষ্ট ও বিশ্বাসযোগ্য প্রমাণ মেলা যা সংশ্লিষ্ট ব্যক্তিকে প্রাথমিক ভোটাধিকার প্রয়োগে নিবারিত করে; অথবা

- কোনো ফৌজদারি অপরাধে সাজাপ্রাপ্ত হওয়া এবং সাজা সম্পন্ন না হওয়া, অথবা
- কোনো ফৌজদারি অপরাধে সাজাপ্রাপ্ত হওয়া যা তাকে অযোগ্য* ঘোষণা করবে এবং তিনি ক্ষমা না পান।

*যেসব ফৌজদারি অপরাধে অযোগ্য ঘোষণা করা হয়:

- ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃতভাবে মানুষ হত্যা, (গাড়ি দুর্ঘটনা বাদে);
- জনপ্রসাশনের বিরুদ্ধে সংঘটিত যেকোনো ফৌজদারি অপরাধ, যার মধ্যে রয়েছে ঘুষ প্রদান, সরকারি অফিসকে অনৈতিকভাবে প্রভাবিত করা বা অফিসের অপব্যবহার করা, অথবা যেকোনো রাজ্য বা স্থানীয়, বা যুক্তরাষ্ট্রের, অথবা ডিস্ট্রিক্ট অব কলাম্বিয়া'র আইনের অধীনে সংঘটিত সমরূপ অপরাধ; অথবা
- যৌন অপরাধের মতো ফৌজদারি অপরাধ, অথবা যেকোনো রাজ্য বা স্থানীয়, বা যুক্তরাষ্ট্রের, অথবা ডিস্ট্রিক্ট অব কলাম্বিয়া'র আইনের অধীনে সংঘটিত সমরূপ অপরাধ।

**চিঠি পাঠানোর ঠিকানা:**

স্টেট অফ ডেলাওয়্যার
স্টেট ইলেকশন কমিশনারের কার্যালয়
905 S. Governors Ave., Suite 170
Dover, DE 19904

## ডিসট্রিক্ট অফ কলম্বিয়া

**হালনাগাদের তারিখ: 10-10-2021**

**নিবন্ধনের সময়সীমা** — মেল, অনলাইন, অথবা মোবাইল অ্যাপের মাধ্যমে নিবন্ধীকরণ করলে নির্বাচনের 21 দিন আগে করা যাবে, কিন্তু ভোটার নিজে এসে ভোটদানের আগে এবং নির্বাচনের দিন নিবন্ধীকরণ করতে পারেন।

**6. পরিচয় নম্বর।** ফেডারেল আইন অনুযায়ী এখন প্রক্রিয়াকরণের জন্য সমস্ত ভোটার নিবন্ধনের আবেদনপত্রে আবেদনকারীর ড্রাইভারের লাইসেন্স নম্বর বা আবেদনকারীর সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা থাকা আবশ্যিক।

**7. দলের পছন্দ।** আপনি যদি কোনও দলের প্রাথমিক নির্বাচন, ককাস বা কনভেনশনে অংশগ্রহণ করতে চান তাহলে আপনাকে অবশ্যই সেই দলের সঙ্গে নিবন্ধন করতে হবে।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়ায় নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- কলম্বিয়া জেলার একজন বাসিন্দা হতে হবে
- নির্বাচনের ঠিক আগে অন্তত 30 দিন কলম্বিয়া জেলার সেই কেন্দ্রে থাকতে হবে যেখানে আপনি ভোটদান করবেন
- মার্কিন যুক্তরাষ্ট্রের অন্য কোনও প্রদেশ অথবা অঞ্চলের বাসিন্দা হিসাবে ভোটদান করা বা ভোটদানের অধিকার চাওয়া যাবে না
- বয়স কমপক্ষে 17 বছর হতে হবে (আপনার বয়স কমপক্ষে 16 বছর হলে আপনি ভোটদানের জন্য নিবন্ধীকরণ করাতে পারেন। আপনার বয়স কমপক্ষে 17 বছর হলে প্রাথমিক নির্বাচনে আপনি ভোটদান করতে পারেন এবং পরবর্তী সাধারণ নির্বাচনের আগেই আপনার বয়স কমপক্ষে 18 বছর হতে হবে। আপনার বয়স কমপক্ষে 18 বছর হলে আপনি একটি সাধারণ অথবা বিশেষ নির্বাচনে ভোটদান করতে পারেন।)
- আদালতের দ্বারা ভোটদানে আইনত অযোগ্য প্রমাণিত হলে চলবে না

**চিঠি পাঠানোর ঠিকানা:**

ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়া বোর্ড অফ ইলেকশনস
1015 Half Street, SE, Suite 750
Washington, DC 20003

## ফ্লোরিডা

**হালনাগাদের তারিখ: 11-30-2011**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 29 দিন আগে পর্যন্ত।

**6. পরিচয় নম্বর।** আপনার কাছে যদি থাকে তাহলে আপনাকে অবশ্যই ফ্লোরিডার ড্রাইভারের লাইসেন্স বা ফ্লোরিডা আইডেন্টিফিকেশন কার্ড নম্বর প্রদান করতে হবে। আপনার কাছে যদি ফ্লোরিডার ড্রাইভারের লাইসেন্স বা আইডেন্টিফিকেশন কার্ড না থাকে তাহলে আপনাকে অবশ্যই আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা প্রদান করতে হবে। আপনার জন্য যদি এই নম্বরগুলির কোনটিই জারি করা না হয়ে থাকে তাহলে আপনাকে অবশ্যই "কোনটিই নয়" কথাটি লিখতে হবে।

**7. দলের পছন্দ।** আপনি যদি কোনও দলের প্রাথমিক নির্বাচন, ককাস বা কনভেনশনে অংশগ্রহণ করতে চান তাহলে আপনাকে অবশ্যই সেই দলের সঙ্গে নিবন্ধন করতে হবে।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** আপনাকে এই বাক্সটি পূরণ করতে অনুরোধ করা হচ্ছে কিন্তু আপনার এই বাক্সটি পূরণ করা বাধ্যতামূলক নয়। পছন্দগুলির তালিকা দেখার জন্য আবেদনপত্রের নির্দেশাবলীর বাক্স 8 (পৃষ্ঠা 2-এ) দেখুন।

**9. স্বাক্ষর।** ফ্লোরিডায় নিবন্ধন করার জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে।
- আপনাকে অবশ্যই ফ্লোরিডা স্টেট এবং সেই সঙ্গে আপনি যে কাউন্টিতে নিবন্ধন করতে চান, উভয়ের আইনত নিবাসী হতে হবে।
- 18 বছর বয়স হতে হবে (আপনি যদি কমপক্ষে 16 বছর বয়সী হন তাহলে আপনি প্রাক-নিবন্ধন করতে পারেন)
- ফ্লোরিডা বা অন্য কোনো স্টেটে ভোট দেওয়ার ক্ষেত্রে আপনাকে আদালতে বিচারপূর্বক মানসিকভাবে অক্ষম সাব্যস্ত করা হয়নি, অথবা যদি আপনাকে করা হয়ে থাকে তাহলে আপনাকে আগে আপনার ভোটাধিকার পুনরুদ্ধার করতে হবে।
- কোনো অপরাধের জন্য দোষী সাব্যস্ত করা হয়নি এবং যদি হয়ে থাকেন তাহলে আপনার নাগরিক অধিকার নিয়ে নেওয়া হয়ে থাকলে সেটা অবশ্যই আগে পুনরুদ্ধার করতে হবে।
- আপনি নিম্নলিখিতের শপথ নিচ্ছেন বা নিশ্চিত করছেন যে:

"আমি যুক্তরাষ্ট্র এবং ফ্লোরিডা স্টেটের সংবিধানকে সুরক্ষিত রাখব ও রক্ষা করব, যে আমি ফ্লোরিডা স্টেটের সংবিধান এবং আইন অনুসারে একজন নির্বাচক হিসাবে নিবন্ধন করার যোগ্য এবং এই আবেদনপত্রে দেওয়া সমস্ত তথ্য সত্য।"

**চিঠি পাঠানোর ঠিকানা:**

স্টেট অফ ফ্লোরিডা
ডিপার্টমেন্ট অফ স্টেট

ডিভিশন অফ ইলেকশনস
The R.A. Gray Building
500 South Bronough St, Rm 316
Tallahassee, Florida 32399-0250

## জর্জিয়া

**হালনাগাদের তারিখ: 02-01-2016**

**নিবন্ধনের সময়সীমা** — যেকোনো সাধারণ প্রাথমিক, সাধারণ নির্বাচন, বা প্রেসিডেন্সিয়াল প্রেফারেন্স প্রাথমিক, বা জর্জিয়া নির্বাচন বিধি অনুসারে নিয়মিতভাবে নির্ধারিত বিশেষ নির্বাচনের আগে পঞ্চম সোমবার পর্যন্ত। জর্জিয়া নির্বাচন বিধি দ্বারা প্রস্তাবিত তারিখ ছাড়া অন্য কোনো তারিখে কোনও বিশেষ নির্বাচনের দিন স্থির করা হলে ঘোষণা করার পরে পঞ্চম দিনে নিবন্ধন বন্ধ হয়ে যাবে।

**6. পরিচয় নম্বর।** ফেডারেল আইন অনুযায়ী আপনাকে জিএ ড্রাইভারের লাইসেন্স নম্বর বা জিএ স্টেট দ্বারা জারি করা পরিচয় নম্বর প্রদান করতে হবে। আপনার কাছে যদি জিএ ড্রাইভার লাইসেন্স বা জিএ পরিচয়পত্র না থাকে তাহলে আপনাকে অবশ্যই আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ 4টি সংখ্যা প্রদান করতে হবে। আপনার সম্পূর্ণ সোশ্যাল সিকিউরিটি নম্বর প্রদান করা ঐচ্ছিক। আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বর গোপন রাখা হবে এবং ভোটার নিবন্ধনের জন্য শনাক্তকরণের উদ্দেশ্যে অন্যান্য স্টেট এজেন্সি ডাটাবেসের সঙ্গে তুলনা করার জন্য ব্যবহার করা হতে পারে। আপনার কাছে যদি জিএ ড্রাইভার লাইসেন্স বা সোশ্যাল সিকিউরিটি নম্বর না থাকে, আপনাকে একটি অনন্য আইডেন্টিফায়ার প্রদান করা হবে।

**7. দলের পছন্দ।** আপনি যদি কোনো দলের প্রাথমিক নির্বাচন, ককাস বা কনভেনশনে অংশগ্রহণ করতে চান তাহলে সেই দলের সঙ্গে নিবন্ধন করা আবশ্যিক নয়।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** আপনাকে এই বাক্সটি পূরণ করতে অনুরোধ করা হচ্ছে। পছন্দগুলির তালিকা দেখার জন্য আবেদনপত্রের নির্দেশাবলীর বাক্স 8 (পৃষ্ঠা 2-এ) দেখুন।

**9. স্বাক্ষর।** জর্জিয়ায় নিবন্ধন করার জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে।
- জর্জিয়া এবং আপনি যে কাউন্টিতে ভোট দিতে চান সেখানকার বৈধ নিবাসী হতে হবে।
- নিবন্ধন করার দিন থেকে ছয় মাসের মধ্যে 18 বছর বয়স হতে হবে, এবং ভোট দেওয়ার জন্য 18 বছর বয়স হতে হবে
- কোনও অপরাধের জন্য দোষী সাব্যস্ত হওয়ার কারণে দণ্ড ভোগ করা চলবে না
- আদালতের সাহায্যে আপনি মানসিকভাবে অক্ষম সাব্যস্ত করা হয়নি, যদি না সেই অক্ষমতা অপসারণ করা হয়ে থাকে

**চিঠি পাঠানোর ঠিকানা:**

ইলেকশনস ডিভিশন
সেক্রেটারি অফ স্টেটের কার্যালয়
2 Martin Luther King Jr. Drive
Suite 802 Floyd West Tower
Atlanta, Georgia 30334

## হাওয়াই

**হালনাগাদের তারিখ: 10-10-2021**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 10 দিন আগ পর্যন্ত।

**6. পরিচয় নম্বর।** আপনি যখন ভোট দেওয়ার জন্য নিবন্ধন করবেন, তখন আপনার কাছে যদি হাওয়াইয়ের ড্রাইভিং লাইসেন্স বা রাজ্যের পরিচয়পত্রের নম্বর থাকে তা অবশ্যই দিতে হবে। আপনার কাছে যদি ড্রাইভিং লাইসেন্স বা আইডি কার্ড কোনোটিই না থাকে, সেক্ষেত্রে আপনাকে অবশ্যই আপনার সামাজিক সুরক্ষা নম্বর বা সোশাল সিকিউরিটি নাম্বার (SSN)-এর শেষ চারটি সংখ্যা দিতে হবে। আপনার কাছে যদি এগুলির কোনটিই না থাকে, তাহলে করণিকের দপ্তর (ক্লার্ক্স অফিস) থেকে আপনাকে একটি অনন্য পরিচয় সংখ্যা প্রদান করা হবে, যেটি ভোটারদের নিবন্ধন প্রক্রিয়ায় আপনার পরিচিতি হিসেবে কাজ করবে।

**7. দলের পছন্দ।** ভোটার নিবন্ধনের জন্য "দলের পছন্দ" আবশ্যিক নয়।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** ভোটার নিবন্ধনের জন্য জাতি বা জাতি-গোষ্ঠীর তথ্য আবশ্যিক নয়।

**9. স্বাক্ষর।** হাওয়াইতে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের নাগরিক হতে হবে
- হাওয়াই স্টেটের নিবাসী হতে হবে
- কমপক্ষে 16 বছর বয়স হতে হবে(ভোট দেওয়ার জন্য নির্বাচনের দিনে আপনার বয়স কমপক্ষে 18 বছর হতে হবে)
- কোনও অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার কারণে কারাদণ্ড ভোগ করছেন না
- কোনো আদালত আপনাকে "নন কম্পোস মেন্টিস" (মানসিকভাবে অক্ষম) সাব্যস্ত করেনি।

**চিঠি পাঠানোর ঠিকানা:**

অফিস অফ ইলেকশনস
স্টেট অফ হাওয়াই
802 Lehua Avenue
Pearl City, HI 96782

## আইডাহো

**হালনাগাদের তারিখ:**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 25 দিন আগে পর্যন্ত।

**6. আইডি নম্বর।** আপনার আইডাহোর ড্রাইভিং লাইসেন্স কার্ড বা আইডাহো ট্রান্সপোর্টেশন ডিপার্টমেন্ট দ্বারা জারি করা রাষ্ট্রীয় শনাক্তকরণ কার্ড থেকে নম্বরটি লিখুন। আপনার যদি এমন কোনো কার্ড না থাকে, তাহলে আপনার সামাজিক নিরাপত্তা নম্বরের শেষ 4টি সংখ্যা লিখুন।

**7. পার্টির পছন্দ।** রাজনৈতিক দল একটি উন্মুক্ত প্রাইমারি নির্বাচন না করলে, আপনি যদি কোনো দলের প্রাথমিক নির্বাচনে অংশগ্রহণ করতে চান তাহলে কোনো রাজনৈতিক দলের সাথে সংশ্লিষ্টতা প্রয়োজন।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** আইডাহোতে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- আইডাহোতে এবং কাউন্টিতে নির্বাচনের 30 দিন আগে থেকে বসবাস করতে হবে
- কমপক্ষে 18 বছর বয়স হতে হবে
- কোনো অপরাধে দোষী সাব্যস্ত করা হয়ে থাকলে চলবে না, এবং আপনার নাগরিক অধিকার পুনরুদ্ধার করা না হয়ে থাকলে চলবে না, অথবা কোনও

ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার কারণে কারাবন্দী থাকতে পারবেন না

**চিঠি পাঠানোর ঠিকানা:**
সেক্রেটারি অফ স্টেট
P.O. Box 83720
State Capitol Bldg.
Boise, ID 83720-0080

## ইলিনয়

**হালনাগাদ করার তারিখ: 09-03-2019**

**নিবন্ধনের সময়সীমা** — প্রত্যেক নির্বাচনের 28 দিন আগে পর্যন্ত।

**6. আইডি নম্বর।** ইলিনয়ের ড্রাইভিং লাইসেন্স (বা সেক্রেটারি অব স্টেট দ্বারা প্রদত্ত আইডি কার্ড) অথবা সামাজিক সুরক্ষা নম্বরের শেষ 4টি সংখ্যা দরকার। যাদের কাছে এসবের একটিও নেই এবং যারা এর আগে ইলিনয়ে নিবন্ধন করেননি, তাদের নিবন্ধন ফরমের মেইলে অবশ্যই কোন সনাক্তকারী দলিলের প্রতিলিপি থাকতে হবে: আপনাকে অবশ্যই এই আবেদনের সঙ্গে প্রেরণ করতে হবে (i) বর্তমান এবং বৈধ ছবি সনাক্তকরণের কোন প্রতিলিপি, বা (ii) বর্তমান কোন পরিষেবা বিল, ব্যাংক স্টেটমেন্ট, সরকারি চেক, পে-চেক-এর প্রতিলিপি বা ভোটারের নাম ও ঠিকানাসহ অন্য কোন সরকারি দলিল। আপনি উপরের প্রয়োজনীয় তথ্য সরবরাহ না করলে আপনাকে প্রথমবারের মতো ভোটকেন্দ্রে ভোট প্রদানকালে নির্বাচন কর্মকর্তাদেরকে উপরে বর্ণিত (i) বা (ii) প্রদান করতে হবে।

**7. দলের পছন্দ।** ভোটার নিবন্ধনের জন্য দলের নিবন্ধন বা পছন্দ আবশ্যিক নয়। কিন্তু আপনি যখন প্রাথমিক ব্যালটের জন্য আবেদন করবেন তখন আপনাকে সেই নির্বাচনের জন্য দলের পছন্দ উল্লেখ করতে হবে।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** একটি স্বাক্ষর প্রয়োজন। নিবন্ধনের ফর্মে যদি স্বাক্ষর না থাকে তাহলে আপনাকে জানানো হবে যে আপনার নিবন্ধন অসম্পূর্ণ আছে। ইলিনয়তে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- পরবর্তী নির্বাচনের অন্তত 30 দিন আগে থেকে ইলিনয় এবং আপনার নির্বাচন প্রিসিঙ্কটের নিবাসী হতে হবে
- পরবর্তী নির্বাচনের সময় বা তার আগে কমপক্ষে 18 বছর বয়স হতে হবে
- কোনো অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার কারণে কারাবন্দী থাকা চলবে না
- অন্য কোথাও ভোটের অধিকার দাবী করা চলবে না

17 বছর বয়সীদের জন্য আগাম নিবন্ধন। সাধারণ নির্বাচন (বা একীভূত নির্বাচন বা শহর, জনপদ, স্কুল বোর্ড ও অন্যান্য স্থানীয় অফিসের অড-ইয়ার নির্বাচন) বা তার আগে যাদের বয়স 18 হবে ইলিনয়ের সেসব 17 বছর বয়সী ব্যক্তিদের নিবন্ধন করতে এবং পরবর্তী সাধারণ নির্বাচনের (বা একীভূত নির্বাচনের) জন্য প্রার্থীদের মনোনয়নকারী সাধারণ প্রাইমারিতে (বা একীভূত প্রাইমারিতে) ভোটদান করতে দেয়া হয়।

**চিঠি পাঠানোর ঠিকানা:**
স্টেট বোর্ড অফ ইলেকশনস
2329 S. MacArthur Boulevard
Springfield, IL 62704

## ইন্ডিয়ানা

**হালনাগাদের তারিখ: 03-01-2006**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 29 দিন আগে পর্যন্ত।

**6. পরিচয় নম্বর।** আপনার স্টেট ভোটার পরিচয় নম্বর হল ইন্ডিয়ানা দ্বারা প্রদত্ত আপনার দশ সংখ্যার ড্রাইভার লাইসেন্সের নম্বর। আপনার কাছে যদি ইন্ডিয়ানা ড্রাইভার লাইসেন্স না থাকে তাহলে আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা প্রদান করুন। অনুগ্রহ করে উল্লেখ করবেন যে কোন নম্বরটি প্রদান করা হয়েছে। (ইন্ডিয়ানা কোড 3-7-13-13)

**7. দলের পছন্দ।** খালি রাখুন।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** ইন্ডিয়ানাতে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- পরবর্তী নির্বাচনের কমপক্ষে 30 দিন আগে থেকে সেই প্রিসিংক্টে বসবাস করতে হবে
- পরবর্তী সাধারণ নির্বাচনের দিনে কমপক্ষে 18 বছর বয়স হতে হবে
- কোনো ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার কারণে কারাগারে থাকা চলবে না

**চিঠি পাঠানোর ঠিকানা:**
ইলেকশন ডিভিশন
সেক্রেটারি অফ স্টেটের কার্যালয়
302 West Washington Street,
Room E-204
Indianapolis, IN 46204-2743

## আইওয়া

**হালনাগাদের তারিখ: 10-31-2020**

**নিবন্ধনের শেষ সময়** — অবশ্যই বিকেল 5 টার মধ্যে এসে পৌঁছতে হবে। সাধারণ নির্বাচনের ক্ষেত্রে নির্বাচনের 10 দিন পূর্বে; অন্য সব নির্বাচনের ক্ষেত্রে নির্বাচনের 11 দিন পূর্বে।* যেসব নিবন্ধন ফরম নির্বাচনের 15 দিন বা তারও আগের পোস্টমার্ক যুক্ত, সেগুলো নিবন্ধনের সময় শেষ হওয়ার পর পৌঁছালেও সময়মতো এসেছে বলে ধরে নেওয়া হবে।

*আপনি যদি উপরে উল্লিখিত ভোটার নিবন্ধনের সময়সীমা মেনে চলতে ব্যর্থ হন, সেক্ষেত্রে আপনি নির্বাচনের দিনের নিবন্ধন সংক্রান্ত নির্দেশনাবলী মেনে নিবন্ধন করতে ও ভোট দিতে পারবেন। বিস্তারিত তথ্য আপনি আইওয়া সেক্রেটারি অব স্টেট (Iowa Secretary of State) এর ওয়েবসাইটে পাবেন: https://sos.iowa.gov/ elections/ voterinformation/edr. html।

**6. আইডি নম্বর।** আপনার আইওয়া ড্রাইভিং লাইসেন্স (অথবা আইওয়া নন-অপারেটর আইডেন্টিফিকেশন নম্বর) থাকলে সেটিই আপনার আইডি নম্বর, যদি না থাকে সেক্ষেত্রে আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চার সংখ্যা আপনার আইডি নম্বর। আপনার প্রদত্ত আইডি নম্বরটি আইওয়া ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন অথবা সোশ্যাল সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন থেকে যাচাই করা হবে।

**7. দলের পছন্দ।** আপনি যদি কোনো দলের প্রাথমিক নির্বাচন অংশগ্রহণ করতে চান তাহলে

তার জন্য আপনি দলের সঙ্গে আগে থেকে নিবন্ধন করতে পারেন কিন্তু সেটা আবশ্যিক নয়। আপনি প্রাথমিক নির্বাচনের দিনে ভোটকেন্দ্রে দলের সঙ্গে সংশ্লিষ্টতা পরিবর্তন বা ঘোষণা করতে পারেন।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** আইওয়াতে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- আইওয়ার একজন নিবাসী হতে হবে
- কমপক্ষে 17 বছর বয়সী হতে হবে; কোন ব্যক্তি ভোট দিতে পারবেন যদি তিনি নির্বাচনের দিন বা তার পূর্বে 18 বছর পূর্ণ করেন। প্রাইমারি নির্বাচনের ক্ষেত্রে, কোন ব্যক্তি ভোট দিতে পারবেন যদি সংশ্লিষ্ট নিয়মিত নির্বাচনের দিন বা তার পূর্বে তিনি 18 বছর পূর্ণ করেন।
- কোন গুরুতর অপরাধে আদালত-কর্তৃক দোষী সাব্যস্ত হননি অথবা আপনার অধিকার ইতোমধ্যে পুনর্বহাল করা হয়েছে।
- বর্তমানে কোনো আদালত আপনি "ভোট দিতে মানসিকভাবে অক্ষম" রায় দেয়নি
- একাধিক স্থানে ভোট দেওয়ার অধিকার দাবী করেননি
- অন্য কোনও স্থানে আপনার ভোট দেওয়ার অধিকার থেকে থাকলে সেটা পরিত্যাগ করেছেন

**চিঠি পাঠানোর ঠিকানা:**

ইলেকশনস ডিভিশন<br>
সেক্রেটারি অফ স্টেটের কার্যালয়<br>
Lucas Building-1st Floor<br>
321 E. 12th Street<br>
Des Moines, IA 50319

## কানসাস

**হালনাগাদের তারিখ: 02-01-2016**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 21 দিন আগে পোস্টমার্ক করা হতে হবে বা পৌঁছতে হবে।

**6. পরিচয় নম্বর।** আপনার সম্পূর্ণ করা ভোটার নিবন্ধন ফর্মে অবশ্যই আপনার স্টেট দ্বারা জারি করা ড্রাইভারের লাইসেন্স নম্বর বা ননড্রাইভারের আইডেন্টিফিকেশন কার্ড নম্বর থাকতে হবে। আপনার যদি ড্রাইভারের লাইসেন্স বা ননড্রাইভারের আইডেন্টিফিকেশন কার্ড না থাকে তাহলে আপনাকে অবশ্যই আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা উল্লেখ করতে হবে। আপনার কাছে যদি ড্রাইভারের লাইসেন্স বা ননড্রাইভারের আইডেন্টিফিকেশন কার্ড বা সোশ্যাল সিকিউরিটি নম্বর না থাকে তাহলে অনুগ্রহ করে ফর্মে **"কোনটিই নয়"** লিখুন। স্টেট আপনার জন্য একটি অনন্য শনাক্তকরণ নম্বর ধার্য করবে। আপনি যে নম্বরটি দেবেন সেটি শুধুত্র প্রশাসনিক কাজে ব্যবহার করা হবে এবং জনসাধারণের কাছে প্রকাশ করা হবে না। (KSA 25-2309).

**7. দলের পছন্দ।** আপনি যদি কোনও দলের প্রাথমিক নির্বাচন, ককাস বা কনভেনশনে অংশগ্রহণ করতে চান তাহলে তার জন্য আপনাকে অবশ্যই সেই দলের সঙ্গে নিবন্ধন করতে হবে।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** কানসাসে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- কানসাসের নিবাসী হতে হবে
- পরবর্তী নির্বাচনের সময় কমপক্ষে 18 বছর বয়স হতে হবে
- কোনো অপরাধে দোষী সাব্যস্ত হয়ে থাকলে আপনার সাজা সম্পূর্ণ করেছেন, কোনো অপরাধে দোষী সাব্যস্ত হয়ে সাজা ভোগ করছেন এমন ব্যক্তি ভোট দেওয়ার যোগ্য নন
- অন্য কোনো স্থানে বা অন্য কোনও নামে ভোট দেওয়ার অধিকার দাবী করেননি
- সক্ষমতার এক্তিয়ারের কোনও আদালত ভোট দেওয়ায় বাধা দেয়নি

**চিঠি পাঠানোর ঠিকানা:**

সেক্রেটারি অফ স্টেট<br>
1st Floor, Memorial Hall<br>
120 SW 10th Ave.<br>
Topeka, KS 66612-1594

## কেন্টাকি

**হালনাগাদের তারিখ: 10-25-2013**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 29 দিন আগে পর্যন্ত।

**6. পরিচয় নম্বর।** আপনার সম্পূর্ণ সোশ্যাল সিকিউরিটি নম্বর প্রয়োজন। এটি শুধুত্র প্রশাসনিক উদ্দেশ্যে ব্যবহৃত হবে এবং জনসাধারণের কাছে প্রকাশ করা হবে না (কেআরএস 116.155) সোশ্যাল সিকিউরিটি নম্বর অন্তর্ভুক্ত করতে ব্যর্থ হওয়ার জন্য কোনও ব্যক্তিকে নিবন্ধনের অধিকার থেকে বঞ্চিত করা হবে না।

**7. দলের পছন্দ।** আপনি যদি কোনও দলের প্রাথমিক নির্বাচন, ককাস বা কনভেনশনে অংশগ্রহণ করতে চান তার জন্য আপনাকে অবশ্যই সেই দলের সঙ্গে নিবন্ধন করতে হবে।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** কেন্টাকিতে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- কেন্টাকির নিবাসী হতে হবে
- নির্বাচনের অন্তত 28 দিন আগে থেকে সেই কাউন্টির নিবাসী হতে হবে
- পরবর্তী সাধারণ নির্বাচনের সময় বা তার আগে 18 বছর বয়স হতে হবে
- কোনও অপরাধে দোষী সাব্যস্ত হওয়া চলবে না অথবা আপনাকে যদি কোনও অপরাধে দোষী সাব্যস্ত করা হয়ে থাকে তাহলে এক্সিকিউটিভ মার্জনার মাধ্যমে আপনার নাগরিক অধিকার অবশ্যই পুনরুদ্ধার করা হয়ে থাকতে হবে
- কোনো আদালত আপনাকে "মানসিকভাবে অক্ষম" সাব্যস্ত করেনি
- কেন্টাকির বাইরে কোথাও ভোট দেওয়ার অধিকার দাবী করেননি

**চিঠি পাঠানোর ঠিকানা:**

স্টেট বোর্ড অফ ইলেকশন<br>
140 Walnut Street<br>
Frankfort, KY 40601-3240

## লুইজিয়ানা

**হালনাগাদকৃত: 02-28-2019**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 30 দিন আগে পর্যন্ত।

**6. পরিচয় নম্বর।** জারি করা হয়ে থাকলে আপনাকে অবশ্যই লুইজিয়ানা ড্রাইভারের লাইসেন্স নম্বর বা লুইজিয়ানা বিশেষ আইডেন্টিফিকেশন কার্ড নম্বর দিতে হবে। এগুলি যদি জারি করা না হয়ে থাকে

এবং আপনার জন্য সোশ্যাল সিকিউরিটি নম্বর জারি করা হয়ে থাকে তাহলে আপনাকে অবশ্যই আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের অন্তত শেষ চারটি সংখ্যা উল্লেখ করতে হবে৷ সম্পূর্ণ সোশ্যাল সিকিউরিটি নম্বর প্রদান করা ঐচ্ছিক৷ আবেদনকারীর কাছে যদি লুইজিয়ানা ড্রাইভারের লাইসেন্স, লুইজিয়ানা বিশেষ আইডেন্টিফিকেশন কার্ড বা সোশ্যাল সিকিউরিটি নম্বর না থাকে তাহলে আবেদনকারীকে নিম্নলিখিত আইটেমগুলির একটি তার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে: (a) একটি সাম্প্রতিক এবং বৈধ সচিত্র পরিচয়পত্রের কপি; বা (b) সাম্প্রতিক ইউটিলিটি (পানি, বিদ্যুৎ ইত্যাদি) বিল, ব্যাঙ্ক স্টেটমেন্ট, সরকারি চেক, পে-চেক বা অন্য কোনও সরকারি নথি যা আবেদনকারীর নাম এবং ঠিকানা প্রদর্শন করে তার কপি৷ রেজিস্ট্রার বা ডিপার্টমেন্ট অফ স্টেট কোনও নিবন্ধিত ভোটারের সোশ্যাল সিকিউরিটি নম্বর প্রকাশ করবে না বা নিবন্ধিত ভোটারদের সোশ্যাল সিকিউরিটি নম্বর বাণিজ্যিক তালিকায় প্রচারিত করবে না (R.S. 18:104 এবং 154; 42 U.S.C. § 405).

**7. পছন্দের দল৷** আপনি যদি একটি দলের সঙ্গে আপনার সংশ্লিষ্টতার বিষয়ে উল্লেখ না করেন, তাহলে আপনি প্রেসিডেন্সিয়াল প্রেফারেন্স প্রাইমারি ও দলের কমিটি নির্বাচনসমূহে ভোট দিতে নাও পারেন৷ অন্য কোনো নির্বাচনের জন্য রাজনৈতিক সংশ্লিষ্টতা জরুরী নয়৷

**8. জাতি বা নৃতাত্ত্বিক গোষ্ঠী৷** এই ঘরটি পুরণ করা ঐচ্ছিক৷ 8 নম্বর ঘরের জন্য আবেদনকারীর নির্দেশিকার আওতায় পছন্দের তালিকা দেখুন (পৃষ্ঠা 2)৷

9. **স্বাক্ষর৷** লুইজিয়ানাতে নিবন্ধীভুক্ত হওয়ার জন্য আবশ্যকতাগুলি হল:

- আপনাকে যুক্তরাষ্ট্রের নাগরিক হতে হবে৷
- আপনাকে লুইজিয়ানার একজন বাসিন্দা হতে হবে (বাড়ির ঠিকানা অবশ্যই সেই ঠিকানা হতে হবে যেখানে আপনি প্রযোজ্য ক্ষেত্রে হোমস্টেড এক্সেম্পশন দাবি করতে পারেন, ব্যতিক্রম নার্সিং হোম বা বৃদ্ধাবাসের বাসিন্দা যারা নার্সিং হোম বা বৃদ্ধাবাসের ঠিকানা বা যেখানে তার হোমস্টেড এক্সেম্পশন আছে সেখানের ঠিকানা বাছাই করতে পারেন৷ একজন কলেজ শিক্ষার্থী তার বাসার ঠিকানা বা স্কুলে থাকার সময় বাইরের ঠিকানা ব্যবহার করতে পারে৷)
- আপনাকে অন্তত 17 বছর বয়সী হতে হবে (16 বছর হতে হবে যদি লুইজিয়ানার ড্রাইভার'স লাইসেন্সের আবেদনপত্র দিয়ে ভোট দেবার জন্য নিবন্ধন করেন বা ভোট অফিসের রেজিস্ট্রারের কাছে সশরীরে উপস্থিত হন), এবং পরবর্তী নির্বাচনে ভোট দেয়ার আগে আপনার বয়স 18 বছর হতে হবে
- বর্তমানে কোনো অপরাধের দায়ে কারাবাসের নির্দেশ থাকা চলবে না, ওই ধরনের কোন আদেশ থাকা চলবে না

(1) আপনি শেষ পাঁচ বছরে কারাগারে থাকেন নি এবং (2) নির্বাচন সংক্রান্ত জালিয়াতি বা আর.এস সংক্রান্ত যেকোনো নির্বাচন সংশ্লিষ্ট অপরাধে কারাগারে প্রেরণের আদেশে নেই৷ 18:1461.2

- আপনার জন্য মানসিক অদক্ষতার কারণে পূর্ণ নিষেধাজ্ঞার আদেশে নেই বা ভোট দেবার অধিকারে সীমিত নিষেধাজ্ঞার আদেশে নেই৷

**চিঠি পাঠানোর ঠিকানা:**

সেক্রেটারি অফ স্টেট
দৃষ্টি আকর্ষণ: নির্বাচন বিভাগ
P.O. Box 94125
Baton Rouge, LA 70804-9125

## মেইন

**হালনাগাদের তারিখ: 08-14-2012**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 21 কাজের দিন আগে পৌঁছতে হবে (বা ভোটার *সশরীরে* নির্বাচনের দিন পর্যন্ত বা সেই দিন নিবন্ধন করতে পারেন)৷

**6. পরিচয় নম্বর৷** আপনাকে মেইন ড্রাইভারের লাইসেন্স নম্বর প্রদান করতে হবে৷ আপনার কাছে যদি একটি বৈধ মেইন ড্রাইভারের লাইসেন্স নম্বর না থাকে তাহলে আপনাকে অবশ্যই আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা প্রদান করতে হবে৷ যে সমস্ত ভোটারের কাছে এই দুটি ধরনের পরিচয়পত্রের কোনটিই নেই তাদের অবশ্যই এই স্থানে "কোনটিই নয়" লিখতে হবে৷

**7. দলের পছন্দ৷** আপনি যদি কোনো দলের প্রাথমিক নির্বাচন, ককাস বা কনভেনশনে অংশগ্রহণ করতে চান তাহলে আপনাকে অবশ্যই সেই দলের সঙ্গে নিবন্ধন করার প্রয়োজন নেই (যদি না কোনও রাজনৈতিক দল এর বিপরীতে অনুমতি প্রদান করে)৷

**8. জাতি বা জাতি-গোষ্ঠী৷** খালি রাখুন৷

**9. স্বাক্ষর৷** মেইনে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- মেইন এবং আপনি যে মিউনিসিপালিটি থেকে ভোট দিতে চান সেখানকার নিবাসী হতে হবে
- কমপক্ষে 17 বছর বয়স হতে হবে (ভোট দেওয়ার জন্য আপনার কমপক্ষে 18 বছর বয়স হতে হবে)

**চিঠি পাঠানোর ঠিকানা:**

ইলেকশনস ডিভিশন
ব্যুরো অফ কর্পোরেশনস,
ইলেকশনস অ্যান্ড কমিশনস
101 State House Station
Augusta, ME 04333-0101

## মেরিল্যান্ড

**হালনাগাদের তারিখ: 10-10-2021**

**নিবন্ধনের সময়সীমা** — সরাসরি নিবন্ধন বিকেল 5:00 টার মধ্যে, অনলাইন নিবন্ধন রাত 11:59 টার মধ্যে, অথবা ডাকযোগে নির্বাচনের 21 দিন আগে৷

**6. আইডি নম্বর৷** আপনার নিকট ম্যারিলেন্ডের বৈধ ড্রাইভার লাইসেন্স বা MVA আইডি কার্ড না থাকলে, আপনাকে অবশ্যই আপনার সামাজিক নিরাপত্তা নম্বরের শেষ 4 সংখ্যা প্রদান করতে হবে৷ নির্বাচন আইন (Election Law) অনুচ্ছেদ, § 3-202 আইন অনুযায়ী কর্মকর্তারা আপনার সামাজিক নিরাপত্তা নম্বরের শেষ 4 সংখ্যা চাইতে পারেন৷ নম্বরটি কেবল নিবন্ধন ও অন্যান্য প্রশাসনিক কাজে ব্যবহৃত হবে৷ এটি গোপন রাখা হবে৷

**7. দলের পছন্দ৷** আপনি যদি কোনো দলের প্রাথমিক নির্বাচনে অংশগ্রহণ করতে চান তাহলে আপনাকে অবশ্যই সেই দলের সঙ্গে নিবন্ধন করতে হবে৷

**8. জাতি বা জাতি-গোষ্ঠী৷** খালি রাখুন৷

**9. স্বাক্ষর।** মেরিল্যান্ডে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের নাগরিক হতে হবে
- মেরিল্যান্ডের নিবাসী হতে হবে
- কমপক্ষে 16 বছর বয়সী হতে হবে*
- মানসিক অক্ষমতার জন্য কোন অভিভাবকের তত্ত্বাবধানে না থাকেন, অথবা থাকলেও কোন আদালত আপনাকে ভোট প্রদানের ইচ্ছা প্রকাশে অসমর্থ এই রায় দেননি।
- ভোট কেনা বা বেচার জন্য দোষী সাব্যস্ত হতে পারবেন না
- কোনো অপরাধের জন্য দোষী সাব্যস্ত করা হয়েছে এমন অপরাধী হতে পারবেন না, বা যদি আপনাকে করা হয়ে থাকে তাহলে আপনি আদালতের আদেশ অনুযায়ী সেই দোষের জন্য প্যারোল বা প্রোবেশনের মেয়াদসহ কারাবন্দী থাকার শাস্তির মেয়াদ সম্পূর্ণ করেছেন।

*আপনার বয়স কমপক্ষে 16 বছর হলে আপনি ভোট প্রদানের জন্য নিবন্ধন করতে পারবেন, কিন্তু পরবর্তী সাধারণ নির্বাচনের পূর্বে আপনি কমপক্ষে 18 বছর বয়সী না হলে ভোট দিতে পারবেন না।

**চিঠি পাঠানোর ঠিকানা:**

স্টেট বোর্ড অফ ইলেকশনস
P.O. Box 6486
Annapolis, MD 21401-0486

## ম্যাসাচুসেটস

**হালনাগাদ করার তারিখ: 09-03-2019**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 20 দিন আগে পর্যন্ত।

**6. পরিচয় নম্বর।** ফেডারেল আইন অনুযায়ী ভোট দেওয়ার জন্য নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই ড্রাইভারের লাইসেন্স নম্বর দিতে হবে। আপনার কাছে যদি একটি সাম্প্রতিক ও বৈধ ম্যাসাচুসেটস ড্রাইভারের লাইসেন্স না থাকে তাহলে আপনাকে অবশ্যই আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি (4) সংখ্যা প্রদান করতে হবে। আপনার কাছে যদি এগুলির কোনটিই না থাকে তাহলে আপনাকে অবশ্যই বাক্সে "কোনটিই নয়" কথাটি লিখতে হবে এবং আপনার জন্য একটি অনন্য শনাক্তকরণ নম্বর ধার্য করা হবে।

**7. দল পছন্দ।** আপনি যদি এই বাক্সে কোন দল বা রাজনৈতিক আখ্যার মনোনয়ন না করেন, তাহলে আপনাকে অ-নথিভুক্ত হিসেবে নিবন্ধিত করা হবে, যাকে সাধারণত স্বাধীন হিসেবে উল্লেখ করা হয়। রাজনৈতিক আখ্যায় অ-নথিভুক্ত ব্যক্তিরা দলীয় প্রাইমারি-তে ভোট দিতে পারেন।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** ম্যাসাচুসেটসে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- ম্যাসাচুসেটসের একজন নিবাসী হতে হবে
- কমপক্ষে 16 বছর বয়সী হতে হবে (নির্বাচনের দিন ভোট দিতে অবশ্যই 18 বছর বয়সী হতে হবে)
- নির্বাচন সংক্রান্ত কোনো দুর্নীতির জন্য দোষী সাব্যস্ত করা হয়নি
- ভোট দেওয়ার ক্ষেত্রে কোনো অভিভাবকত্বের অধীনে থাকতে পারবেন না
- কোনো অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার কারণে বর্তমানে কারাগারে থাকতে পারবেন না

**চিঠি পাঠানোর ঠিকানা:**

সেক্রেটারি অফ কমনওয়েলথ
Elections Division, Room 1705
One Ashburton Place
Boston, MA 02108

## মিশিগান

**হালনাগাদের তারিখ: 11-07-2019**

**নিবন্ধনের সময়সীমা** — ডাকযোগে নির্বাচনের অন্তত 15 দিন আগে করতে হবে; অথবা নির্বাচনের দিন রাত 8 টার মধ্যে আপনার শহর অথবা নগর করণিকের কাছে এসে জমা দিন। যদি আপনি নির্বাচনের 14 দিন আগে নিবন্ধীকরণ করান, তাহলে আপনাকে অবশ্যই বাসস্থানের প্রমাণপত্র দাখিল করতে হবে যা ওই নির্বাচনের জন্য গ্রহণযোগ্য হবে।

**6. পরিচয় নম্বর।** আপনার সম্পূর্ণ করা ভোটার নিবন্ধন ফর্মে অবশ্যই আপনার স্টেট দ্বারা জারি করা ড্রাইভারের লাইসেন্স নম্বর বা স্টেট দ্বারা জারি করা ব্যক্তিগত শনাক্তকরণ কার্ড নম্বর থাকতে হবে। আপনার যদি ড্রাইভারের লাইসেন্স বা স্টেট দ্বারা জারি করা ব্যক্তিগত শনাক্তকরণ কার্ড না থাকে তাহলে আপনাকে অবশ্যই আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা উল্লেখ করতে হবে। আপনার কাছে যদি ড্রাইভারের লাইসেন্স বা স্টেট দ্বারা জারি করা ব্যক্তিগত শনাক্তকরণ কার্ড বা সোশ্যাল সিকিউরিটি নম্বর না থাকে তাহলে অনুগ্রহ করে ফর্মে "কোনটিই নয়" লিখুন। স্টেট আপনার জন্য একটি অনন্য শনাক্তকরণ নম্বর ধার্য করবে।

**7. দলের পছন্দ।** ভোটার নিবন্ধনের জন্য কোনও "দলের পছন্দ" থাকা আবশ্যিক নয়।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** মিশিগানে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- পরবর্তী নির্বাচনের আগেই বয়স কমপক্ষে 18 বছর হতে হবে
- মিশিগানের একজন বাসিন্দা হতে হবে এবং নির্বাচনের ঠিক আগে কমপক্ষে 30 দিন আপনার শহর অথবা নগরের বাসিন্দা হতে হবে
- অপরাধী এবং সাজা ঘোষণার পর কোনও কারাগারে বন্দি থাকলে চলবে না

***বিজ্ঞপ্তি:*** যদি ভোটদাতার একটি মিশিগান ড্রাইভার লাইসেন্স (ডিএল) অথবা ব্যক্তিগত পরিচয়পত্র (পিআইডি) থাকে, মিশিগানের আইন অনুসারে **সেই একই ঠিকানা এবং ডিএল/পিআইডি ভোটদাতা নিবন্ধীকরণের জন্য ব্যবহার করতে হবে।** এই ফর্মের ব্যবহার আপনার ডিএল/পিআইডি ঠিকানাও বদলে দেবে। আপনার ডিএল/পিআইডি-র জন্য স্বরাষ্ট্র সচিব আপনাকে নতুন একটি ঠিকানা স্টিকার মেল করবেন।

**চিঠি পাঠানোর ঠিকানা:**

সম্পূর্ণ পূরণ করা এই আবেদনপত্রটি সরাসরি আপনার শহর অথবা নগর করণিককে মেল করুন অথবা পাঠিয়ে দিন। আপনার শহর অথবা নগর করণিকের ঠিকানা পেতে লগইন করুন Michigan.gov/Vote –তে।

যদি আপনি আপনার শহর অথবা নগর করণিকের ঠিকানা খুঁজে না পান, তাহলে চিঠি পাঠান:

মিশিগান ডিপার্টমেন্ট অফ স্টেট
ব্যুরো অফ ইলেকশনস
P.O. Box 20126
Lansing, MI 48901-0726

# স্টেট নির্দেশাবলী

## মিনেসোটা

**হালনাগাদের তারিখ: 12-31-2008**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 21 দিন আগে সন্ধ্যা 5:00টার মধ্যে পৌঁছতে হবে (এছাড়াও ভোটকেন্দ্রে নির্বাচনের দিনে নিবন্ধন করা যাবে)।

**6. পরিচয় নম্বর।** আপনাকে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করার জন্য আপনার মিনেসোটা ড্রাইভারের লাইসেন্স নম্বর বা স্টেট পরিচয় নম্বর প্রদান করতে হবে। আপনার যদি মিনেসোটা ড্রাইভারের লাইসেন্স বা স্টেট পরিচয়পত্র না থাকে তাহলে আপনাকে আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা উল্লেখ করতে হবে। আপনার কাছে যদি এগুলির কোনটিই না থাকে তাহলে অনুগ্রহ করে ফর্মে "কোনটিই নয়" লিখুন।

**7. দলের পছন্দ।** খালি রাখুন।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** মিনেসোটাতে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- পরবর্তী নির্বাচনের 20 দিন আগে থেকে মিনেসোটার নিবাসী হতে হবে
- নিবন্ধন ফর্মে দেওয়া ঠিকানায় বসবাস করতে হবে
- নির্বাচনের দিনে কমপক্ষে 18 বছর বয়স হতে হবে
- আগে যদি কখনো কোনো অপরাধে দোষী সাব্যস্ত হয়ে থাকেন তাহলে আপনার অপরাধের সাজার মেয়াদ শেষ হয়ে গেছে অথবা সম্পূর্ণ করা হয়েছে, অথবা আপনার শাস্তি মকুব করা হয়েছে
- আদালতের আদেশে এমন অভিভাবকত্বের অধীনে নেই যাতে ভোট দেওয়ার অধিকার প্রত্যাহার করা হয়েছে
- কোনো আদালত আইনত ভোট দিতে অক্ষম সাব্যস্ত করেনি

**চিঠি পাঠানোর ঠিকানা:**

সেক্রেটারি অফ স্টেট
60 Empire Drive, Suite 100
St. Paul, MN 55103-1855

## মিসিসিপি

**হালনাগাদের তারিখ: 05-07-2010**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 30 দিন আগে পর্যন্ত।

**6. পরিচয় নম্বর।** আপনাকে আপনার সাম্প্রতিক ও বৈধ ড্রাইভার লাইসেন্সের নম্বর দিতে হবে, বা না থাকলে আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা প্রদান করতে হবে।

**7. দলের পছন্দ।** মিসিসিপিতে দলের নিবন্ধন নেই। তাই আপনি কোনো দলের প্রাথমিক নির্বাচন, ককাস বা কনভেনশনে অংশগ্রহণ করতে চাইলে আপনাকে কোনো দলের সঙ্গে নিবন্ধন করতে হবে না।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** মিসিসিপিতে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- মিসিসিপি এবং আপনি যে কাউন্টিতে ভোট দিতে চান সেটিতে (এবং শহর, যদি প্রযোজ্য হয়) নির্বাচনের অন্তত 30 দিন আগে থেকে বসবাস করতে হবে
- আপনি যে সাধারণ নির্বাচনে ভোট দিতে চান সেটি হওয়ার সময় আপনার 18 বছর বয়স হতে হবে
- আপনাকে খুন, ধর্ষণ, ঘুষ দেওয়া নেওয়া, চুরি, অগ্নিসংযোগ, প্রতারণামূলকভাবে অর্থ বা জিনিস প্রাপ্ত করা, মিথ্যা হলফ, জালিয়াতি, অর্থ আত্মসাৎ করা, সশস্ত্র ডাকাতি, অবৈধ জুলুম, বাজে চেক দেওয়ার অপরাধ, দোকান থেকে পণ্য চুরি করার অপরাধ, চৌর্যবৃত্তি, চুরি করা জিনিস গ্রহণ করা, ডাকাতি, কাঠ চুরি, অবৈধভাবে মোটর গাড়ি নেওয়া, অপ্রাপ্তবয়স্ককে ধর্ষণ, গাড়ি চুরি বা একাধিক স্বামী/স্ত্রী থাকার অপরাধে দোষী সাব্যস্ত করা হয়নি বা আইন অনুসারে আপনার অধিকার পুনরুদ্ধার করা হয়েছে।
- কোনো আদালত আপনাকে মানসিকভাবে অক্ষম রূপে সাব্যস্ত করেনি।

*দ্রষ্টব্য:* 1998 সালে ফেডারেল আদালতের আদেশ অনুসারে এবং 2000 সালে স্টেট আইন প্রণয়নের মাধ্যমে স্টেট আইন পরিবর্তন করা হয়েছে। এখন আমরা সমস্ত স্টেট এবং ফেডারেল অফিসের জন্য ভোট দেওয়ার জন্য ফর্মটি নিবন্ধনের জন্য গ্রহণ করি।

**চিঠি পাঠানোর ঠিকানা:**

সেক্রেটারি অফ স্টেট
P.O. Box 136
Jackson, MS 39205-0136

**স্থানীয় কাউন্টির ঠিকানা সমূহ:**
আপনি সম্পূর্ণ করা আবেদনপত্র আপনি যে কাউন্টিতে থাকেন সেটির কাউন্টি সার্কিট ক্লার্ক/ রেজিস্ট্রারের কাছেও ফেরত দিতে পারেন। কাউন্টি সার্কিট ক্লার্ক/রেজিস্ট্রারদের একটি সম্পূর্ণ তালিকা মিসিসিপির ওয়েবসাইট www.sos.ms.gov এ পাওয়া যাবে।

## মিসৌরি

**হালনাগাদের তারিখ: 09-12-2006**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 28 দিন আগে পর্যন্ত।

**6. পরিচয় নম্বর।** আপনার সম্পূর্ণ করা ভোটার নিবন্ধন ফর্মে অবশ্যই আপনার স্টেট দ্বারা জারি করা ড্রাইভারের লাইসেন্স নম্বর থাকতে হবে। আপনার সম্পূর্ণ করা ভোটার নিবন্ধন ফর্মে অবশ্যই আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা উল্লেখ করতে হবে। (ধারা 115.155, RSMo)। আপনার কাছে যদি ড্রাইভারের লাইসেন্স বা সোশ্যাল সিকিউরিটি নম্বর না থাকে তাহলে অনুগ্রহ করে ফর্মে "কোনটিই নয়" লিখুন। স্টেট আপনার জন্য একটি অনন্য শনাক্তকরণ নম্বর ধার্য করবে। এই ধারার অধীনে কোনো প্রকার ইলেক্ট্রনিক মাধ্যম, মুদ্রিত কাগজপত্র বা মেইলিং লেবেলে ভোটারদের টেলিফোন নম্বর এবং সোশ্যাল সিকিউরিটি নম্বর উল্লেখ করা হবে না। (ধারা 115.157, RSMo)।

**7. দলের পছন্দ।** আপনি যদি কোনো দলের প্রাথমিক নির্বাচন, ককাস বা কনভেনশনে অংশগ্রহণ করতে চান তার জন্য আপনাকে সেই দলের সঙ্গে নিবন্ধন করতে হবে না।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** মিসৌরিতে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- মিসৌরির একজন নিবাসী হতে হবে
- কমপক্ষে 17-1/2 বছর বয়স হতে হবে (ভোট দেওয়ার জন্য আপনার 18 বছর বয়স হতে হবে)
- কোনো অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার পরে প্রোবেশন বা প্যারোলে থাকা চলবে বা যতক্ষণ না এমন প্রোবেশন বা প্যারোল থেকে মুক্তি দেওয়া হয়
- ভোট দেওয়ার অধিকারের সঙ্গে সম্পর্কিত কোনও অপরাধ বা অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হওয়া চলবে না
- কোনো আদালত অক্ষম রূপে সাব্যস্ত করেনি
- কোনও সাজার অধীনে কারাবন্দী থাকা চলবে না

**চিঠি পাঠানোর ঠিকানা:**

সেক্রেটারি অফ স্টেট
P.O. Box 1767
Jefferson City, MO 65102-1767

## মন্টানা

**হালনাগাদের তারিখ: 03-15-2022**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 30 দিন আগে নিয়মিত নিবন্ধন বন্ধ হয়ে যায়। একজন সম্ভাব্য ভোটদাতা নিয়মিত নিবন্ধন শেষ হওয়ার পরে বিদ্যমান ভোটদাতার ভোটার তথ্য নিবন্ধন বা পরিবর্তন করতে পারেন এবং নির্বাচনে ভোট দেওয়ার যোগ্য হতে পারেন, যদি সেই ভোটার যে কাউন্টিতে বসবাস করেন সেখানকার নির্বাচন প্রশাসক নির্বাচনের আগের দিনের দুপুরের আগে ভোটদাতার ভোটার নিবন্ধন তথ্য গ্রহণ করে যাচাই করেন।

নির্বাচনের দিন ভোটগ্রহণ শেষ না হওয়া পর্যন্ত যে কোনও সময়েই বিলম্বিত নিবন্ধীকরণ করানো যাবে, কিন্তু তা নির্বাচনের আগের দিন মধ্যাহ্ন থেকে বিকেল 5:00 টা পর্যন্ত প্রযোজ্য নয়।

**6. আইডি নম্বর।** আপনাকে অবশ্যই আপনার মন্টানা (MT) ড্রাইভার্স লাইসেন্স নম্বর, MT আইডেন্টিফিকেশন (আইডি) কার্ড নম্বর বা আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের (SSN) শেষ 4 সংখ্যা প্রদান করতে হবে। আপনি যদি পূর্ববর্তী পরিচয়পত্র প্রদান করতে না পারেন, তবে আপনি যখন নিবন্ধন করবেন তখন আপনি যুক্তরাষ্ট্রের পাসপোর্ট, মন্টানা উপজাতি আইডি কার্ড, মিলিটারি আইডি কার্ড বা মন্টানা কনসিলড ক্যারি পারমিট প্রদান করতে পারেন; অথবা আপনার নাম ও ছবি থাকা স্কুল ডিস্ট্রিক্ট বা পোস্ট-সেকেন্ডারি এডুকেশন পরিচয়পত্র এবং বর্তমান ইউটিলিটি বিল, ব্যাঙ্ক স্টেটমেন্ট, পেচেক, সরকারি চেক, বা অন্যান্য সরকারি নথি যেখানে আপনার নাম এবং বর্তমান ঠিকানা আছে তা সহ একটি সচিত্র পরিচয়পত্র জমা দিন। *ভোটার রেজিস্ট্রেশন আইডি সম্পর্কে তথ্যের জন্য অনুগ্রহ করে দেখুন: https://sosmt.gov/voter-id/voter-registration-id-options/

**7. দলের পছন্দ।** কোনো নির্বাচনে অংশগ্রহণ করার জন্য মন্টানাতে দলের নিবন্ধন করতে হয় না।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** মন্টানাতে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- নির্বাচনের সময় বা তার আগে 18 বছর বয়স হতে হবে
- নির্বাচনের অন্তত 30 দিন আগে থেকে মন্টানা এবং আপনি যে কাউন্টিতে ভোট দিতে চান সেখানকার নিবাসী হতে হবে
- কোনো অপরাধে দোষী সাব্যস্ত হয়ে দণ্ডমূলক প্রতিষ্ঠানে থাকা চলবে না
- কোনো আদালত বর্তমানে মানসিকভাবে অসুস্থ সাব্যস্ত করা চলবে না
- আপনি যদি এখন এই যোগ্যতাগুলি পূরণ না করেন তাহলে পরবর্তী নির্বাচনের দিনে এই যোগ্যতাগুলি পূরণ করতে হবে

**চিঠি পাঠানোর ঠিকানা:**

আপনার স্থানীয় কাউন্টি নির্বাচন অফিসে আপনার সম্পূর্ণ করা নিবন্ধন ফরম ডাকযোগে পাঠান। কাউন্টির যোগাযোগের তথ্য মন্টানা সেক্রেটারি অফ স্টেটের ওয়েবসাইটে পাওয়া যাবে: নির্বাচন-কর্মকর্তাদের ইমেল-তালিকা (sosmt.gov)। আপনার কাউন্টি নির্বাচন অফিস খুঁজে পেতে অসুবিধা হলে, (888) 884-8683 বা (406) 444-9608 নম্বরে সহায়তার জন্য মন্টানা সেক্রেটারি অফ স্টেট ইলেকশন অ্যান্ড ভোটার সার্ভিসেস বিভাগের সাথে যোগাযোগ করুন বা soselections@mt.gov-এ ইমেল করুন। (দ্রষ্টব্য: নিবন্ধনগুলো মন্টানা সেক্রেটারি অফ স্টেটের অফিসে পাঠানো যেতে পারে, তবে, সম্ভাব্য বিলম্ব এড়াতে, আমরা আপনাকে আপনার সম্পূর্ণ ভোটার নিবন্ধন আবেদনটি সরাসরি আপনার কাউন্টি নির্বাচন অফিসে ফেরত দেওয়ার পরামর্শ দিচ্ছি।)

সেক্রেটারি অফ স্টেট'স অফিস
P.O. Box 202801
State Capitol
Helena, MT 59620-2801

## নেব্রাস্কা

**হালনাগাদের তারিখ: 03-08-2018**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের আগে তৃতীয় শুক্রবার পর্যন্ত (অথবা নির্বাচনের আগে দ্বিতীয় শুক্রবার সন্ধ্যা 6টার মধ্যে পৌঁছতে হবে)।

**6. পরিচয় নম্বর।** আপনাকে অবশ্যই নেব্রাস্কা ড্রাইভারের লাইসেন্স নম্বর দিতে হবে। আপনার কাছে যদি নেব্রাস্কা ড্রাইভারের লাইসেন্স নম্বর না থাকে তাহলে আপনাকে অবশ্যই আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা উল্লেখ করতে হবে।

**7. দলের পছন্দ।** আপনি যদি কোনো দলের প্রাথমিক নির্বাচন, ককাস বা কনভেনশনে অংশগ্রহণ করতে চান তার জন্য আপনাকে অবশ্যই সেই দলের সঙ্গে নিবন্ধন করতে হবে।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** নেব্রাস্কাতে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- নেব্রাস্কার নিবাসী হতে হবে
- কমপক্ষে 18 বছর বয়স হতে হবে বা নভেম্বরের প্রথম সোমবারের পরের মঙ্গলবারে বা তার আগে আপনার 18 বছর বয়স হতে হবে
- আপনি কোনো গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হননি, অথবা সাব্যস্ত হয়ে থাকলেও আপনি প্যারোলসহ সে অপরাধের শাস্তি ভোগ করার পর নূন্যতম দুই বছরের সময়সীমা পার হয়ে গেছে
- আনুষ্ঠানিকভাবে আপনাকে মানসিকভাবে অক্ষম সাব্যস্ত করা হয়নি

**চিঠি পাঠানোর ঠিকানা:**

নেব্রাস্কা সেক্রেটারি অফ স্টেট
Suite 2300, State Capitol Bldg.
Lincoln, NE 68509-4608

## নেভাডা

**হালনাগাদ করার তারিখ: 05-01-2020**

**নিবন্ধনের সময়সীমা** — ডাকযোগে বা উপস্থিত হয়ে ভোটার নিবন্ধনের সময়সীমা হলো যেকোনো প্রাইমারি বা সাধারণ নির্বাচনের আগের চতুর্থ মঙ্গলবার। এই তারিখের মধ্যে: (1) ডাকযোগে ভোটার নিবন্ধনের আবেদনে অবশ্যই পোস্টমার্ক করতে হবে; অথবা (2) সংশ্লিষ্ট ব্যক্তিকে অবশ্যই কাউন্টি ক্লার্ক / রেজিস্ট্রার অব ভোটার-এর কার্যালয়ে উপস্থিত হতে হবে। www.RegisterToVoteNV.gov-এ অনলাইনে ভোটার নিবন্ধনের সময়সীমা হলো প্রাইমারি বা সাধারণ নির্বাচনের আগের বৃহস্পতিবার। ভোটার নিবন্ধনের সময়সীমার মধ্যে নিবন্ধন করতে পারেননি এমন যোগ্য ভোটাররা প্রাক-ভোট প্রদানকালে (early voting) বা নির্বাচনের দিন ভোট কেন্দ্রে উপস্থিত হয়ে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে পারবেন।

**6. আইডি নম্বর।** আপনাকে অবশ্যই নেভাদার ড্রাইভিং লাইসেন্স দেখাতে হবে অথবা ডিএমভি আপনার নেভাদা আইডি কার্ড ইস্যু করে থাকলে সেটি দেখাতে হবে। আপনার নিকট নেভাদা ড্রাইভার লাইসেন্স বা নেভাদা আইডি কার্ড না থাকলে, আপনাকে অবশ্যই আপনার সামাজিক নিরাপত্তা নম্বরের শেষ চারটি সংখ্যা প্রদান করতে হবে। আপনার নিকট নেভাদা ড্রাইভার লাইসেন্স বা নেভাদা আইডি কার্ড অথবা সামাজিক নিরাপত্তা নম্বর না থাকলে, আপনাকে একটি অনন্য শনাক্তকারী নম্বর প্রদানের জন্য অনুগ্রহ করে আপনার কাউন্টি ক্লার্ক/ রেজিস্ট্রার অব ভোটারস-এর সাথে যোগাযোগ করুন।

**7. পছন্দের দল।** আপনি যদি কোনো বড় দলের প্রাইমারি নির্বাচন, ককাস, বা কনভেনশনে অংশ নিতে চান, তাহলে আপনাকে অবশ্যই সে দলটির সাথে নিবন্ধন করতে হবে। আপনি কোনো ছোট দলের সাথে অথবা নির্দলীয় হিসেবে নিবন্ধন করলে, প্রাইমারি নির্বাচনে আপনি নির্দলীয় একটি ব্যালট পাবেন।

**8. জাতি বা নৃতাত্ত্বিক গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** নেভাদা-তে নিবন্ধন করতে আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের নাগারিক হতে হবে;
- পরবর্তী নির্বাচনের দিন 18 বছরে পদার্পণ করতে হবে;
- স্টেট অব নেভাদায় আপনার কাউন্টিতে টানা 30 দিন বসবাস করতে হবে, এবং পরবর্তী নির্বাচনের পূর্বে আপনার নির্বাচনী এলাকায় কমপক্ষে 10 দিন বসবাস করতে হবে;
- বর্তমানে কোনো গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার কারণে কারাদণ্ড ভোগ করছেন না;
- কোনো আদালত কর্তৃক মানসিকভাবে অক্ষম সব্যস্ত হননি; এবং
- অন্য কোনো স্থানকে আপনার বৈধ আবাসস্থল হিসেবে ঘোষণা করেননি।

**17 বছর বয়ষীদের জন্য প্রাক-নিবন্ধন** — কোনো ব্যক্তি যদি 17 বছর বা তার বেশি বয়সী হয় কিন্তু 18 বছরের নিচে হয় এবং নেভাদায় ভোট প্রদানের অন্য সকল শর্ত পূরণ করে, তিনি ভোটার হিসেবে নিবন্ধনের বিদ্যমান উপায়গুলো ব্যবহার করে ভোট প্রদানের জন্য প্রাক-নিবন্ধন করতে পারবেন। যে ব্যক্তি ভোট প্রদানের জন্য প্রাক-নিবন্ধন করেছেন তিনি তার 18তম জন্মদিনে স্বয়ংক্রিয়ভাবে নিবন্ধিত ভোটার হয়ে যাবেন।

**ফৌজদারি অপরাধে দণ্ডাদেশ** — গুরুতর অপরাধের জন্য দোষী সাব্যস্ত নেভাডা যেকোনো বাসিন্দা কারাগার থেকে মুক্তি পাওয়ার সঙ্গে সঙ্গে তার ভোটাধিকার পুনর্বহাল হয়। এজন্য সংশ্লিষ্ট ব্যক্তিকে অপেক্ষা বা পদক্ষেপ গ্রহণ করতে হয় না। গুরুতর অপরাধের শ্রেণি নির্বিশেষে বা সংশ্লিষ্ট ব্যক্তির প্যারোল বা পরীক্ষাকাল বিবেচনা ছাড়াই কারাগার থেকে তার মুক্তির সঙ্গে সঙ্গে স্বয়ংক্রিয়ভাবেই ভোটাধিকার পুনর্বহাল হয়। ভোটাধিকারের পুনর্বহাল সম্পর্কিত আরো তথ্য নেভাদার সেক্রেটারি অব স্টেট-এর www.nvsos.gov ওয়েবসাইটে পাওয়া যাবে।

**ডাক ঠিকানা::**

সেক্রেটারি অব স্টেট ইলেকশন্স ডিভিশন
101 North Carson Street
Suite 3
Carson City, NV 89701-4786

ভোটার নিবন্ধন আবেদনটি উপরের ঠিকানায় সেক্রেটারি অব স্টেট-এর কার্যালয়ে ফেরত পাঠানো হতে পারে, কিন্তু সম্ভাব্য বিলম্ব এড়াতে, আপনাকে আপনার পূরণকৃত ভোটার নিবন্ধন আবেদনটি সরাসরি আপনার স্থানীয় কাউন্টি নির্বাচন কার্যালয়ে ফেরত পাঠানোর পরামর্শ দেওয়া যাচ্ছে।

**স্থানীয় কাউন্টি ঠিকানা:** নিবন্ধনের সময়সীমা পূরণে, বিশেষ করে ডাকযোগে ভোটার নিবন্ধন সময়সীমার দুই সপ্তাহ পূর্বের সময়ে, আপনার উচিত পূরণকৃত ভোটার নিবন্ধন আবেদনপত্রটি আপনার স্বীয় কাউন্টি ক্লার্ক/রেজিস্ট্রার অব ভোটারস-কার্যালয়ে ফেরত পাঠানো। কাউন্টি ক্লার্ক/রেজিস্ট্রার অব ভোটারস কার্যালয়ের পূর্ণাঙ্গ তালিকা নেভাদা সেক্রেটারি অব স্টেট-এর এই ওয়েবসাইটে পাওয়া যাবে: www.nvsos.gov।

উপরোক্ত ঠিকানায় আবেদনপত্র সেক্রেটারি অফ স্টেটের অফিসে জমা দেওয়া যাবে কিন্তু সম্ভাব্য বিলম্ব এড়ানোর জন্য আপনাকে আপনার সম্পূর্ণ করা ভোটার নিবন্ধন আবেদনপত্র সরাসরি আপনার স্থানীয় কাউন্টি নির্বাচন আধিকারিকের কাছে জমা দেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

**স্থানীয় কাউন্টি ঠিকানা সমূহ:**
সময়সীমার মধ্যে নিবন্ধন সম্পূর্ণ করার জন্য, বিশেষত মেইলে প্রেরিত নিবন্ধনের সময়সীমা উত্তীর্ণ হওয়ার আগের দুই সপ্তাহে, আপনার সম্পূর্ণ করা আবেদনপত্র আপনার নিজের কাউন্টি ক্লার্ক/রেজিস্ট্রার অফ ভোটারসকে ফেরত দিন। কাউন্টি ক্লার্ক/রেজিস্ট্রার অফ ভোটারসদের সম্পূর্ণ তালিকা এবং নিবন্ধনের সময়সীমা নেভাডার ওয়েবসাইটে পাওয়া যাবে: www.nvsos.gov.

## নিউ হ্যাম্পশায়ার

**হালনাগাদের তারিখ: 03-01-2006**

**নিবন্ধনের সময়সীমা** — নিউ হ্যাম্পশায়ার টাউন ও সিটি ক্লার্করা একমাত্র তাদের নিজেদের অনুপস্থিত ভোটার মেইল-ইন নিবন্ধন ফর্মের জন্য অনুরোধ হিসাবে এই আবেদনপত্র গ্রহণ করবেন, এবং সেই মেইল-ইন নিবন্ধন ফর্মটি আপনার সিটি বা টাউন ক্লার্কের কাছে নির্বাচনের অন্তত 10 দিন আগে অবশ্যই পৌঁছতে হবে।

নিউ হ্যাম্পশায়ার টাউন ও সিটি ক্লার্করা একমাত্র তাদের নিজেদের অনুপস্থিত ভোটার মেইল-ইন

নিবন্ধন ফর্মের জন্য অনুরোধ হিসাবে এই আবেদনপত্র গ্রহণ করবেনা আপনাকে কেবল বাক্স 1 এবং বাক্স 2 বা 3 পূরণ করতে হবে৷

এই আবেদনপত্রটি আপনার জিপ কোডের টাউন বা সিটি ক্লার্ককে মেইল করতে হবে৷ এই ঠিকানাগুলি সেক্রেটারি অফ স্টেটের ওয়েব সাইটে পাওয়া যাবে www.state.nh.us/sos/clerks.htm

এটি যথেষ্ট সময় থাকতে মেইল করতে হবে যাতে আপনার টাউন বা সিটি ক্লার্ক আপনাকে তাদের নিজস্ব ফর্ম মেইল করতে পারেন এবং আপনি সেই ফর্মটি নির্বাচনের 10 দিন আগে তাদের কাছে ফেরত পাঠাতে পারেন৷

## নিউ জার্সি

**হালনাগাদের তারিখ: 03-28-2008**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 21 দিন আগে পর্যন্ত৷

**6. পরিচয় নম্বর৷** ভোটার নিবন্ধনের জন্য আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষচারটি সংখ্যা বা আপনার নিউ জার্সি ড্রাইভারের লাইসেন্স নম্বর থাকা প্রয়োজন৷আপনার কাছে যদি এই দুটি শনাক্তকরণ সংখ্যার একটিও না থাকে তাহলে অনুগ্রহ করে ফর্মে "কোনটিই নয়" লিখুন৷ স্টেট ভোটার নিবন্ধনে আপনাকে শনাক্ত করার জন্য একটি সংখ্যা ধার্য করবে যা৷

**7. দলের পছন্দ৷** নিউ জার্সির ভোটারনিবন্ধন ফর্মে রাজনৈতিক দলের সঙ্গে সংশ্লিষ্টতার জন্য কোনও পছন্দ দেওয়া হয় না৷ নতুন নিবন্ধিত একজন ভোটার বা যে ভোটার কখনো কোনও রাজনৈতিক দলের প্রাথমিক নির্বাচনে ভোট দেননি তিনি প্রাথমিক নির্বাচনের দিন ভোট গ্রহণ কেন্দ্রে দলের সঙ্গে সংশ্লিষ্টতা ঘোষণা করতে পারেন৷ নিউ জার্সিতে কেবল ডেমোক্র্যাটিক এবং রিপাবলিকান দলের জন্য প্রাথমিক নির্বাচন অনুষ্ঠিত হয়৷ একজন ভোটার কোনো রাজনৈতিক দলের সদস্য হওয়ার জন্য একটি রাজনৈতিক দলঘোষণা ফর্মও জমা দিতে পারেন৷ একজন ঘোষিত ভোটার যদি দলের সঙ্গে সংশ্লিষ্টতা পরিবর্তন করতে চান তাহলে ভোট দেওয়ার জন্য তাকে অবশ্যই প্রাথমিক নির্বাচনের 50 দিন আগে একটি ঘোষণা জমা করতে হবে৷

**8. জাতি বা জাতি-গোষ্ঠী৷** খালি রাখুন৷

**9. স্বাক্ষর৷** নিউ জার্সিতে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- পরবর্তী নির্বাচনের সময় কমপক্ষে 18 বছর বয়স হতে হবে
- পরবর্তী নির্বাচনের আগে কমপক্ষে 30 দিন ধরে এই স্টেট এবং কাউন্টিতে আপনার ঠিকানার নিবাসী হতে হবে
- এই স্টেট বা অন্য কোনও স্টেট বা যুক্তরাষ্ট্রের আইনের অধীনে কোনও গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার কারণে দণ্ড ভোগ করা চলবে না বা প্রোবেশন বা প্যারোলে থাকা চলবে না

**চিঠি পাঠানোর ঠিকানা:**

নিউ জার্সি ডিপার্টমেন্ট অফ ল অ্যান্ড পাবলিক সেফটি
ডিভিশন অফ ইলেকশন
PO BOX 304
Trenton, NJ 08625-0304

## নিউ মেক্সিকো

**হালনাগাদের তারিখ: 03-01-2006**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 28 দিন আগে পর্যন্ত৷

**6. পরিচয় নম্বর৷** আপনার সম্পূর্ণ সোশ্যাল সিকিউরিটি নম্বর প্রয়োজন৷ আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বর সহ এই নিবন্ধন কার্ড আপনার এলাকার স্থায়ী ভোটার নিবন্ধন রেকর্ডের অন্তর্ভুক্ত করা হবে যেগুলি কাউন্টি ক্লার্কের অফিসে জনসাধারণের নিরীক্ষণের জন্য উন্মুক্ত থাকবে৷ কিন্তু আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বর এবং জন্ম তারিখ গোপন রাখা হবে এবং জনসাধারণের কাছে প্রকাশ করা হবে না৷ সীমিত ভোটার নিবন্ধনের তথ্য (সোশ্যাল সিকিউরিটি নম্বর বা জন্ম তারিখ ব্যতীত) জনসাধারণের জন্য উপলভ্য এবং পদাধিকারী নির্বাচন কর্মকর্তা, প্রার্থী, রাজনৈতিক দল, আদালত এবং ভোটারদের অংশগ্রহণ ও নিবন্ধনের জন্য প্রচারকারী অলাভজনক সংস্থা অনুরোধ করলে কেবল রাজনৈতিক উদ্দেশ্যে তাদের প্রদান করা হবে (§1-5-19B, NMSA 1978)৷

**7. দলের পছন্দ৷** আপনি যদি কোনও দলের প্রাথমিক নির্বাচন, ককাস বা কনভেনশনে অংশগ্রহণ করতে চান তাহলে আপনাকে অবশ্যই সেই দলের সঙ্গে নিবন্ধন করতে হবে৷

**8. জাতি বা জাতি-গোষ্ঠী৷** খালি রাখুন৷

**9. স্বাক্ষর৷** নিউ মেক্সিকোতে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- নিউ মেক্সিকো স্টেটের একজন নিবাসী হতে হবে
- পরবর্তী নির্বাচনের সময় কমপক্ষে 18 বছর বয়স হতে হবে
- মানসিক অক্ষমতার কারণে কোনও আদালত ভোট দেওয়ার অধিকার প্রত্যাখ্যান করেনি এবং যদি আমাকে কোনও অপরাধে দোষী সাব্যস্ত করা হয়ে থাকে তাহলে আমি প্রোবেশন এবং প্যারোলের সমস্ত শর্ত সম্পূর্ণ করেছি, সাজা সম্পূর্ণ ভাবে ভোগ করেছি বা গভর্নর আমাকে ক্ষমা প্রদান করেছেন৷

**চিঠি পাঠানোর ঠিকানা:**

ব্যুরো অফ ইলেকশনস
325 Don Gaspar, Suite 300
Santa Fe, NM 87503

## নিউ ইয়র্ক

**হালনাগাদের তারিখ: 01-17-2023**

**নিবন্ধনের সময়সীমা —নির্বাচনের 10 দিন আগে৷**

**6. পরিচয় নম্বর৷** ফেডারেল আইন অনুযায়ী ভোট দেওয়ার জন্য নিবন্ধনের জন্যআপনাকে ড্রাইভারের লাইসেন্স নম্বর প্রদান করতে হবে৷ আপনার কাছে যদি ড্রাইভার লাইসেন্স না থাকে তাহলে আপনাকে অবশ্যই আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের অন্তত শেষ 4টি সংখ্যা প্রদান করতে হবে৷ আপনার কাছে যদি দুটির কোনটিই না থাকে তাহলে অনুগ্রহ করে ফর্মে "কোনটিই নয়" লিখুন৷ আপনার স্টেট আপনার জন্য একটি অনন্য শনাক্তকরণ নম্বর ধার্য করবে৷

**7. দলের পছন্দ৷** আপনি যদি কোনও দলের প্রাথমিক নির্বাচনে বা ককাসে ভোট দিতে চান তাহলে আপনাকে অবশ্যই সেই দলের তালিকাভুক্ত হতে হবে৷

**8. জাতি বা জাতি-গোষ্ঠী৷** খালি রাখুন৷

**9. স্বাক্ষর৷** নিউ ইয়র্কে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হতে হবে
- নির্বাচনের অন্তত 30 দিন আগে থেকে নিউ ইয়র্কের কোনো কাউন্টি বা শহরের বাসিন্দা হতে হবে
- 18 বছর বয়সী হতে হবে (16 বা 17 বছর বয়সে আপনি প্রি-রেজিস্টার করতে পারেন, তবে 18 না হওয়া পর্যন্ত ভোট দিতে পারবেন না৷

- কোনো গুরুতর অপরাধ করার দায়ে জেলে থাকা যাবে না
- একটি যথাযথ বিচারবিভাগীয় কর্তৃপক্ষ দ্বারা বর্তমানে অনুপযুক্ত বলে নির্দেশ দেওয়া হয়নি
- অন্য কোথাও ভোট দেওয়ার অধিকার দাবি করেননি

**চিঠি পাঠানোর ঠিকানা:**

এনওয়াইএস বোর্ড অফ ইলেকশনস
40 North Pearl Street, Suite 5
Albany, NY 12207-2729

## নর্থ ক্যারোলাইনা

**হালনাগাদের তারিখ: 03-01-2006**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 25 দিন আগে পোস্টমার্ক করা হতে হবে বানির্বাচন অফিসে গৃহীত হতে হবে, বা নির্বাচনের 25 দিন আগে সন্ধ্যা 5:00টার মধ্যে নির্ধারিত ভোটার নিবন্ধন এজেন্সির ঠিকানায় পৌঁছতে হবে৷

**6. পরিচয় নম্বর৷** আপনার নর্থ ক্যারোলাইনা ড্রাইভারের লাইসেন্স নম্বর বা নর্থ ক্যারোলাইনা ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলসের পরিচয় নম্বর প্রদান করুন৷ আপনার কাছে যদি ড্রাইভারের লাইসেন্স না থাকে তাহলে আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা উল্লেখ করুন৷

**7. দলের পছন্দ৷** আপনি যদি কোনো দলের প্রাথমিক নির্বাচনে অংশগ্রহণ করতে চান তাহলে আপনাকে অবশ্যই সেই দলের সঙ্গে নিবন্ধন করতে হবে যদি না সেই দল অসংশ্লিষ্ট ভোটারদের প্রাথমিক নির্বাচনে ভোট দেওয়ার অনুমতি দেয়৷ যদি আপনি এমন কোনো রাজনৈতিক দল জ্ঞাপন করেন যেটি একটি যোগ্যতা সম্পন্ন দল নয়, বা আপনি কোনো দল জ্ঞাপন না করেন তাহলে আপনাকে "অসংশ্লিষ্ট" রূপে তালিকাভুক্ত করা হবে৷

**8. জাতি বা জাতি-গোষ্ঠী৷** আপনাকে এই বাক্সটি পূরণ করতে হবে৷ কিন্তু আপনি এটা না করলেও আপনার আবেদনপত্র প্রত্যাখ্যান করা হবে না৷ পছন্দগুলির তালিকা দেখার জন্য আবেদনপত্রের নির্দেশাবলীর বাক্স 8 (পৃষ্ঠা 2-এ) দেখুন৷

**9. স্বাক্ষর৷** নর্থ ক্যারোলাইনাতে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- নির্বাচনের অন্তত 30 দিন আগে থেকে নর্থ ক্যারোলাইনা এবং আপনি যে কাউন্টিতে বসবাস করেন সেটির নিবাসী হতে হবে
- পরবর্তী সাধারণ নির্বাচনের দিনে 18 বছর বয়স হতে হবে
- কোনো অপরাধে দোষী সাব্যস্ত হয়ে থাকলে আপনার নাগরিক অধিকার পুনরুদ্ধার করা হয়েছে
- অন্য কোনও কাউন্টি বা স্টেটে ভোটের জন্য নিবন্ধন করেননি বা ভোট দেননি

**চিঠি পাঠানোর ঠিকানা:**

স্টেট বোর্ড অফ ইলেকশনস
P.O. Box 27255
Raleigh, NC 27611-7255

## নর্থ ডাকোটা

**হালনাগাদের তারিখ: 03-01-2006**

নর্থ ডাকোটাতে ভোটার নিবন্ধন নেই

## ওহাইও

**হালনাগাদের তারিখ: 03-01-2006**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 30 দিন আগে পর্যন্ত৷

**6. পরিচয় নম্বর৷** আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বর প্রদান করার জন্য অনুরোধ করা হয়৷ এই নম্বরটি প্রদান করা ঐচ্ছিক৷ প্রয়োজন হলে এই তথ্য ব্যবহার করে বোর্ড অফ ইলেকশনস আপনার নিবন্ধন যাচাই করতে পারে (ও.আর.সি. 3503.14)৷ [ফেডারেল আইন অনুযায়ী ভোটার নিবন্ধনের জন্য আপনার ড্রাইভারের লাইসেন্স নম্বর দেওয়া আবশ্যিক৷ আপনার যদি ড্রাইভারের লাইসেন্স না থাকে তাহলে আপনাকে আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের অন্তত শেষ চারটি সংখ্যা উল্লেখ করতে হবে৷ আপনার কাছে যদি দুটি সংখ্যার একটিও না থাকে তাহলে আপনাকে ফর্মে "কোনটিই নয়" লিখতে হবে এবং স্টেট আপনার জন্য একটি সংখ্যা ধার্য করবে৷]

**7. দলের পছন্দ৷** আপনি যদি কোনো দলের প্রাথমিক নির্বাচনে অংশগ্রহণ করতে চান তার জন্য আপনার সেই দলের সঙ্গে নিবন্ধন করার প্রয়োজন নেই৷ একটি প্রাথমিক নির্বাচনে ভোট প্রদান করার মাধ্যমে দলীয় সংশ্লিষ্টতা নির্ধারিত হবে৷

**8. জাতি বা জাতি-গোষ্ঠী৷** খালি রাখুন৷

**9. স্বাক্ষর৷** ওহাইওতে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- ওহাইওর নিবাসী হতে হবে
- নির্বাচনের দিন বা তার আগে 18 বছর বয়স হতে হবে৷ আপনার বয়স যদি সাধারণ নির্বাচনের দিন বা তার আগে 18 বছর হয় তাহলে আপনি কেবলমাত্র প্রার্থীদের জন্য প্রাথমিক নির্বাচনে ভোট দিতে পারবেন৷
- কোনো অপরাধে দোষী সাব্যস্ত হওয়া চলবে না এবং বর্তমানে কারাদণ্ড ভোগ করা চলবে না
- কোনো আদালত ভোট দেওয়ার জন্য অক্ষম সাব্যস্ত করা চলবে না

**চিঠি পাঠানোর ঠিকানা:**

সেক্রেটারি অফ স্টেট অফ ওহাইও
ইলেকশনস ডিভিশন
180 E. Broad Street — 15th Floor
Columbus, OH 43215

## ওকলাহোমা

**হালনাগাদের তারিখ: 03-15-2022**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 25 দিন আগে পর্যন্ত৷

**6. আইডি নম্বর৷** আপনাকে অবশ্যই আপনার বৈধ ওকলাহোমা ড্রাইভারের লাইসেন্স নম্বর, স্টেট আইডেন্টিফিকেশন কার্ড নম্বর অথবা আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা প্রদান করতে হবে৷

**7. রাজনৈতিক দলের পছন্দ৷** আপনি যদি কোনো রাজনৈতিক দলের প্রাথমিক নির্বাচনে অংশ নিতে চান তবে আপনাকে অবশ্যই সেই রাজনৈতিক দলের সাথে নিবন্ধন করতে হবে৷ ওকলাহোমার স্বীকৃত রাজনৈতিক দলগুলির একটি বর্তমান তালিকা ওকলাহোমা স্টেট নির্বাচন বোর্ডের ওয়েবসাইটে পাওয়া যাবে৷ কোনো রাজনৈতিক দলের অধিভুক্তি ছাড়া নিবন্ধিত ভোটারদের দলীয় বিবেচনার ভিত্তিতে স্বীকৃত দলগুলো প্রাথমিক নির্বাচনে অংশগ্রহণের অনুমতি দিতে পারে৷ আপনি স্বীকৃত রাজনৈতিক দলগুলির একটি তালিকা এবং সেইসব রাজনৈতিক দলের একটি তালিকা পাবেন যেগুলো কোনো দলের অধিভুক্ত নেই

এমন ভোটারদের প্রাথমিক নির্বাচনসমূহে ভোট দেওয়ার অনুমতি দেয়: https://oklahoma.gov/elections/voter-registration/political-party-info.html.

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর:** ওকলাহোমাতে ভোট দিতে নিবন্ধন করতে:

- মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক এবং ওকলাহোমা অঙ্গরাজ্যের বাসিন্দা হতে হবে।
- পরবর্তী নির্বাচনের তারিখে বা তার আগে আপনার বয়স 18 বছর হতে হবে। আপনার বয়স কমপক্ষে 17 ½ বছর হলে আপনি প্রাক-নিবন্ধন করতে পারেন, তবে আপনার বয়স 18 বছর না হওয়া পর্যন্ত আপনার ভোটার নিবন্ধন সক্রিয় করা হবে না।
- কোনো অপরাধের জন্য দোষী সাব্যস্ত হলে, আপনি অবশ্যই আদালত-নির্দেশিত ক্যালেন্ডার দিনের হিসাবে কারাবাস, প্যারোল বা তত্ত্বাবধানে থাকা সহ আপনার সাজা সম্পূর্ণভাবে পূরণ করতে হবে অথবা কোনো আদালতের আদেশে প্রবেশনের মেয়াদ সম্পূর্ণ করে থাকতে হবে।
- বর্তমানে আপনি ভোটদান নিষিদ্ধ অক্ষম বা আংশিক অক্ষম ব্যক্তি কিনা অবশ্যই এমন রায়ের অপেক্ষায় থাকা চলবে না।
- আবেদনপত্রে আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ থাকতে হবে। স্বাক্ষরটি অবশ্যই আবেদনকারীর আসল, হাতে লেখা অটোগ্রাফ বা চিহ্ন হতে হবে। কোনো অবিকল প্রতিরুপ, পুনরুত্পাদন, টাইপ করা লেখা বা অন্য বিকল্প স্বাক্ষর, অটোগ্রাফ বা চিহ্ন বৈধ হবে না। অন্য ব্যক্তির হয়ে ওকলাহোমা ভোটার নিবন্ধন আবেদনে স্বাক্ষর করা আইন বিরোধী।

**চিঠি পাঠানোর ঠিকানা:**

ওকলাহোমা স্টেট ইলেকশন বোর্ড
Box 528800
Oklahoma City, OK 73152-8800

আপনি ওকে ভোটার পোর্টাল "উইজার্ড" ব্যবহার করে অনলাইনেও ভোটার নিবন্ধনের আবেদন সম্পূর্ণ করতে পারেন: https://okvoterportal.okelections.us/Home/RegWizard (প্রক্রিয়াটি সম্পূর্ণ করার জন্য আপনার কাউন্টি বা স্টেট নির্বাচনী বোর্ডের কাছে আবেদন অবশ্যই প্রিন্ট করা, স্বাক্ষরিত, এবং ডাকযোগে বা হাতে হাতে দিয়ে আসতে হবে।)

## অরেগন

**হালনাগাদের তারিখ: 10-10-2021**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 21 দিন আগে পর্যন্ত।

**6. আইডি নম্বর।** ওরেগন নির্বাচনের ভোট প্রদানের উপযুক্ত হতে হলে আপনাকে অবশ্যই ওরেগন'র বৈধ ড্রাইভার লাইসেন্স, অনুমতিপত্র বা আইডি নম্বর প্রদান করতে হবে। আপনার যদি ওরেগন স্টেট প্রদত্ত ড্রাইভার লাইসেন্স না থাকে, তাহলে আপনাকে আপনার সামাজিক নিরাপত্তা নম্বরের অন্তত শেষ চারটি সংখ্যা প্রদান করতে হবে| আপনার কাছে যদি কোনোটিই না থাকে তাহলে আপনাকে ফর্মে "কোনোটিই নেই" লিখতে হবে।

**7. পছন্দের দল।** অনেক ক্ষেত্রে আপনি যদি কোনো কোন দলের প্রাইমারি নির্বাচনে অংশ নিতে চান, তাহলে আপনাকে অবশ্যই সে দলটির সাথে নিবন্ধন করতে হবে। আপনি যদি কোন দলের সদস্য না হন বা এই ঘরটি ফাঁকা রাখা হয়, সেক্ষেত্রে আপনাকে কোন দলের সাথে সম্পৃক্ত নন এরূপ ভোটার হিসেবে নিবন্ধন করা হবে।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** অরেগনে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- আপনাকে যুক্তরাষ্ট্রের নাগরিক হতে হবে
- ওরেগন স্টেটের বাসিন্দা হতে হবে
- এবং নিবন্ধনের সময় কমপক্ষে 16 বছর বয়সী হতে হবে। আপনার বয়স এখনো 18 না হলে, আপনার 18তম জন্মদিনে বা তার পরের কোন নির্বাচনের আগে আপনি কোন ব্যালট পেপার পাবেন না।

**চিঠি পাঠানোর ঠিকানা:**

ওরেগন নির্বাচন বিভাগ
সরকারি পরিষেবা ভবন,
Suite 501
255 Capital St. NE
Salem, OR 97310

অনলাইনে এই ঠিকানায় নিবন্ধন করুন অথবা আপনার নিবন্ধন পরিবর্তন করুন — www.oregonvotes.gov।

## পেন্সিলভেনিয়া

**সর্বশেষ হালনাগাদ হয়েছে: 05-01-2020**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচন বা প্রাইমারির 15 দিন আগে।।

**6. পরিচয় নম্বর।** আপনার ড্রাইভিং লাইসেন্স নম্বর থাকলে অবশ্যই তা প্রদান করতে হবে। আপনার কোনো ড্রাইভিং লাইসেন্স নম্বর না থাকলে আপনাকে অবশ্যই আপনার সামাজিক সুরক্ষা নম্বরের শেষ চারটি সংখ্যা প্রদান করতে হবে। আপনার এসব আইডির কোনোটিই না থাকলে অনুগ্রহ করে এই ঘরে "কোনটিই নয়" লিখুন।

**7. দলের পছন্দ।** আপনি কোনো দলের প্রাইমারি নির্বাচনে অংশ নিতে চাইলে আপনাকে অবশ্যই কোনো প্রধান দলে নিবন্ধন করতে হবে।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** আপনাকে এই বাক্সটি পূরণ করতে অনুরোধ করা হচ্ছে।পছন্দগুলির তালিকা দেখার জন্য আবেদনপত্রের নির্দেশাবলীর বাক্স 8 (পৃষ্ঠা 2-এ) দেখুন।

**9. স্বাক্ষর।** পেন্সিলভেনিয়াতে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- পরবর্তী নির্বাচনের অন্তত এক মাস আগে থেকে যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- নির্বাচনের অন্তত 30 দিন আগে থেকে পেন্সিলভেনিয়া এবং আপনার নির্বাচন ডিস্ট্রিক্টের একজন নিবাসী হতে হবে
- পরবর্তী নির্বাচনের দিনে কমপক্ষে 18 বছর বয়স হতে হবে

**চিঠি পাঠানোর ঠিকানা:**

সেক্রেটারি অফ দ্য
কমনওয়েলথের কার্যালয়
210 North Office Bldg.
Harrisburg, PA 17120-0029

আপনি register.votespa.com সাইটে অনলাইনেও নিবন্ধন করতে পারেন।

## রোড আইল্যান্ড

**হালনাগাদ করার তারিখ: 09-03-2019**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 30 দিন আগে পর্যন্ত।

**6. আইডি নম্বর।** আবেদনকারীকে বর্তমান এবং বৈধ রোড আইল্যান্ডের ড্রাইভিং লাইসেন্স অথবা অঙ্গরাজ্যের আইডি জারি করা হয়ে থাকলে, রোড আইল্যান্ডের ড্রাইভিং লাইসেন্স বা অঙ্গরাজ্যের আইডি নম্বর প্রদান করতে হবে। আবেদনকারীকে বর্তমান এবং বৈধ রোড আইল্যান্ডের ড্রাইভিং লাইসেন্স বা অঙ্গরাজ্যের আইডি জারি করা না হয়ে থাকলে তাকে অবশ্যই সামাজিক সুরক্ষা নম্বরের শেষ চারটি (4) সংখ্যা প্রদান করতে হবে। আবেদনকারীর এর কোনটিই না থাকলে তাকে রোড আইল্যান্ড অঙ্গরাজ্য কর্তৃক একটি অনন্য পরিচিতি নম্বর প্রদান করা হবে।

**7. দল পছন্দ।** রোড আইল্যান্ডে কোন ব্যক্তি কোন দলের প্রাইমারি নির্বাচনে অংশ নিতে চাইলে অবশ্যই তাকে সে দলের সাথে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের সময় কোন ব্যক্তি কোন দলের সাথে নিবন্ধন করতে ব্যর্থ হলে, ইচ্ছা করলে তিনি সে দলের প্রাইমারি নির্বাচনের দিন নিবন্ধন করে সে দলের প্রাইমারি নির্বাচনে অংশ নিতে পারেন। কোন ব্যক্তি কোন দলের সাথে নিবন্ধন না করলেও তিনি সাধারণ নির্বাচন এবং নির্দলীয়/নিরপেক্ষ প্রাইমারি নির্বাচনে ভোট দিতে পারবেন।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** রোড আইল্যান্ডে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- পরবর্তী নির্বাচনের অন্তত 30 দিন আগে থেকে রোড আইল্যান্ডের একজন নিবাসী হতে হবে
- কমপক্ষে 16 বছর বয়সী হতে হবে (ভোট দেয়ার জন্য আপনাকে অবশ্যই 18 বছর বয়সী হতে হবে)
- অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার কারণে বর্তমানে কোনো সংশোধনাগারে কারাদণ্ড ভোগ করতে পারবেন না
- আইন অনুসারে মানসিকভাবে অক্ষম সাব্যস্ত হতে পারবেন না

**চিঠি পাঠানোর ঠিকানা:**

রোড আইল্যান্ড স্টেট বোর্ড অফ ইলেকশনস
50 Branch Ave.
Providence, RI 02904-2790

## সাউথ ক্যারোলাইনা

**হালনাগাদের তারিখ: 05-01-2021**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 30 দিন পূর্ব পর্যন্ত।

**6. আইডি নম্বর।** আপনাকে অবশ্যই আপনার সামাজিক নিরাপত্তা নম্বরের কমপক্ষে শেষ চারটি সংখ্যা উল্লেখ করতে হবে। আপনি স্বেচ্ছায় আপনার সামাজিক নিরাপত্তা নম্বরের সবক'টি সংখ্যা উল্লেখ করতে পারেন। আপনার সামাজিক নিরাপত্তা নম্বর স্টেট নির্বাচন কমিশন-কর্তৃক প্রকাশিত কোনো প্রতিবেদনে উল্লেখ করা হয় না বা কোনো অননুমোদিত ব্যক্তির কাছে প্রকাশ করা হয় না। (সাউথ ক্যারোলাইনা শিরোনাম 7-5-170)

**7. দলের পছন্দ।** আপনি যদি কোনও দলের প্রাথমিক নির্বাচন, ককাস বা কনভেনশনে অংশগ্রহণ করতে চান তাহলে আপনাকে সেই দলের সঙ্গে নিবন্ধন করতে হবে না।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** আপনাকে এই বাক্সটি পূরণ করতে হবে। আপনি এটি পূরণ না করলে আপনার আবেদনপত্র বাতিল করা হতে পারে। পছন্দগুলির তালিকা দেখার জন্য আবেদনপত্রের নির্দেশাবলীর বাক্স 8 (পৃষ্ঠা 2-এ) দেখুন।

**9. স্বাক্ষর।** সাউথ ক্যারোলাইনাতে নিবন্ধন করার জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে।
- পরবর্তী সাধারণ নির্বাচনের সময়ে বা তার আগে কমপক্ষে 18 বছর বয়স হতে হবে
- সাউথ ক্যারোলাইনা, আপনার কাউন্টি ও প্রিসিংক্টের একজন নিবাসী হতে হবে
- কোনো অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার কারণে কোনওসরকারি কারাগারে বন্দী থাকা চলবে না
- কখনো কোনো অপরাধ বা নির্বাচন আইনের বিরুদ্ধে কোনও অপরাধের জন্য দোষী সাব্যস্ত হননি বা যদি আগে দোষী সাব্যস্ত হয়ে থাকেন তাহলে প্রোবেশন ও প্যারোলসহ আপনার সম্পূর্ণ শাস্তি ভোগ করেছেন বা অপরাধের জন্য আপনাকে ক্ষমা প্রদান করা হয়েছে
- এমন কোনো আদালতের আদেশের অধীনে নেই যাতে আপনাকে মানসিকভাবে অক্ষম ঘোষণা করা হয়েছে
- আবেদনপত্রে থাকা ঠিকানাকে আপনার একমাত্র বৈধ বাসস্থান রূপে দাবী করেন এবং অন্য কোনও স্থানকে বৈধ বাসস্থান রূপে দাবী করেন না

**চিঠি পাঠানোর ঠিকানা:**

স্টেট ইলেকশন কমিশন
P.O. Box 5987
Columbia, SC 29250-5987

## সাউথ ডাকোটা

**হালনাগাদের তারিখ: 10-10-2021**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 15 দিন আগে গৃহীত হতে হবে।

**6. আইডি নম্বর।** ভোট দানের জন্য নিবন্ধন করা যেকোনো ব্যক্তিকে ভোটার নিবন্ধন ফরমে সাউথ ড্যাকোটা'র বৈধ ড্রাইভার লাইসেন্স নম্বর বা সাউথ ড্যাকোটা'র ড্রাইভার-ভিন্ন অন্য পরিচয় সনাক্তকরণ নম্বর প্রদান করতে হবে। কোন ব্যক্তির যদি সাউথ ড্যাকোটা'র এটি বৈধ ড্রাইভার লাইসেন্স বা সাউথ ড্যাকোটা'র ড্রাইভার-ভিন্ন অন্য পরিচয় সনাক্তকরণ নম্বর না থাকে, সে ব্যক্তিকে তার ভোটার নিবন্ধন ফরমে সামাজিক নিরাপত্তা নম্বরের শেষ চার সংখ্যা প্রদান করতে হবে। কোন ব্যক্তির যদি সাউথ ড্যাকোটা'র বৈধ ড্রাইভার লাইসেন্স, বা সাউথ ড্যাকোটা'র ড্রাইভার-ভিন্ন অন্য পরিচয় সনাক্তকরণ নম্বর বা কোন সামাজিক নিরাপত্তা নম্বর না থাকে, সে ব্যক্তি কেবল কাউন্টি'র নিরীক্ষকের কার্যালয়ে নিবন্ধন করতে পারবেন এবং তার সাউথ ড্যাকোটা'র বৈধ ড্রাইভার লাইসেন্স, বা সাউথ ড্যাকোটা'র ড্রাইভার-ভিন্ন অন্য পরিচয় সনাক্তকরণ নম্বর বা কোন সামাজিক নিরাপত্তা নম্বর নেই এই মর্মে একটি বিবৃতিতে স্বাক্ষর করতে হবে।

South Dakota Codified Law 12-4-5.4

**7. পছন্দের দল।** আপনি যদি বর্তমানে ভোট প্রদানের জন্য নিবন্ধিত হয়ে থাকেন এবং আপনি দলীয় পছন্দের ঘরটি খালি রাখেন, আপনি আপনার বর্তমান দলীয় পছন্দ অনুসারে নিবন্ধিত হবেন। আপনি বর্তমানে ভোট প্রদানের জন্য নিবন্ধিত না হলে এবং দলীয় পছন্দের ঘরটি ফাঁকা রাখলে, আপনাকে স্বতন্ত্র/ কোন দলের সাথে সম্পৃক্ত

ভোটার নন বলে সনাক্ত করা হবে, যা সাউথ ড্যাকোটা'র কোন রাজনৈতিক পক্ষ নয়৷ South Dakota Codified Law 12-4-15, 12-6-26

**8. জাতি বা জাতি-গোষ্ঠী৷** খালি রাখুন৷

**9. স্বাক্ষর৷** সাউথ ডাকোটাতে নিবন্ধন করার জন্য আপনাকে অবশ্যই:

- মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হতে হবে
- সাউথ ড্যাকোটায় বসবাস করতে হবে
- পরবর্তী নির্বাচনের দিন বা তার আগে কমপক্ষে 18 বছর বয়সী হতে হবে
- কোন ফৌজদারি অপরাধে দণ্ডিত হয়ে দণ্ড ভোগ করছেন না, যেমন প্রাপ্তবয়স্কদের জন্য নির্ধারিত কোন কারাগারে বর্তমানে বন্দী, অতীতে দণ্ডাদেশ ভোগ করেছেন বা দণ্ডাদেশ স্থগিত আছে এমন৷
- South Dakota Codified Law 12-4-6,12-4-8,l2-l-9,l2-l-4,12-4-18, South Dakota Constitution, Article VII, Section 2 এই আইনানুযায়ী আদালতের রায়ে মানসিকভাবে অসমর্থ হিসেবে বিবেচিত নন

**চিঠি পাঠানোর ঠিকানা:**

ইলেকশনস, সেক্রেটারি অফ স্টেট
500 E. Capitol
Pierre, SD 57501-5070

## টেনেসী

**সর্বশেষ হালনাগাদ হয়েছে: 05-01-2020**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 30 দিন আগে পর্যন্ত৷

**6. পরিচয় নম্বর৷** আপনার সম্পূর্ণ সোশ্যাল সিকিউরিটি নম্বর প্রয়োজন৷ যদি থাকে তাহলে সোশ্যাল সিকিউরিটি নম্বর শনাক্তকরণ এবং ডুপ্লিকেট নিবন্ধন এড়ানোর উদ্দেশ্যে প্রয়োজন হয় (টিসিএ 2.2.116)৷

**7. দলের পছন্দ৷** আপনি কোনও দলের প্রাথমিক নির্বাচন, ককাস বা কনভেনশনে অংশগ্রহণ করতে চাইলে আপনাকে সেই দলের সঙ্গে নিবন্ধন করতে হবে না৷

**8. জাতি বা জাতি-গোষ্ঠী৷** ঐচ্ছিক৷

**9. স্বাক্ষর৷** টেনেসিতে নিবন্ধীভুক্ত হতে গেলে আপনাকে অবশ্যই::

- মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হতে হবে
- টেনেসির বাসিন্দা হতে হবে
- পরবর্তী নির্বাচনের আগে অন্তত 18 বছর বয়সী হতে হবে
- কোনো গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত না হয়েও দণ্ডাদেশ-প্রাপ্ত হলে আপনার নিবন্ধন এবং ভোট প্রদানের যোগ্যতা নির্ভর করে আপনি যে অপরাধে দণ্ডাদেশ পেয়েছেন সেটি এবং দণ্ডাদেশের তারিখের উপর৷ এই প্রক্রিয়া সম্পর্কে আরো তথ্যের জন্য, 877-850- 4959 নম্বরে কল করুন অথবা https://sos.tn.gov/restoration সাইটটি দেখুন৷ আপনার দণ্ডাদেশ বাতিল হয়ে গেলে আপনি আর গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত বলে বিবেচিত হবেন না৷
- উপযুক্ত অধিক্ষেত্রের আদালত দ্বারা অযোগ্য হিসেবে ঘোষিত হলে চলবে না (অথবা আপনার আইনি ক্ষমতাগুলি পুনর্বহাল হয়ে থাকতে হবে)

**চিঠি পাঠানোর ঠিকানা:**

কোঅর্ডিনেটর অফ ইলেকশনস
Tennessee Tower, Seventh Floor
312 Rosa L. Parks Ave.
Nashville, TN 37243-1102

## টেক্সাস

**হালনাগাদের তারিখ: 03-01-2006**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 30 দিন আগে পর্যন্ত৷

**6. পরিচয় নম্বর৷** আপনাকে ভোট দেওয়ার জন্য নিবন্ধন করার জন্য অবশ্যই আপনার ড্রাইভারের লাইসেন্স নম্বর প্রদান করতে হবে৷ আপনার কাছে যদি ড্রাইভারের লাইসেন্স না থাকে তাহলে আপনাকে আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের অন্তত শেষ চারটি সংখ্যা প্রদান করতে হবে৷ আপনার কাছে যদি কোনটিই না থাকে তাহলে অনুগ্রহ করে ফর্মে "কোনটিই নয়" লিখুন৷ এর পরিবর্তে আপনার স্টেট আপনার জন্য একটি অনন্য শনাক্তকরণ নম্বর ধার্য করবে৷

**7. দলের পছন্দ৷** আপনি কোনো দলের প্রাথমিক নির্বাচন, ককাস বা কনভেনশনে অংশগ্রহণ করতে চাইলে আপনাকে সেই দলের সঙ্গে নিবন্ধন করতে হবে না৷

**8. জাতি বা জাতি-গোষ্ঠী৷** খালি রাখুন৷

**9. স্বাক্ষর৷** টেক্সাসে নিবন্ধন করার জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে৷
- যে কাউন্টিতে নিবন্ধনের আবেদন করা হয়েছে সেখানকার একজন নিবাসী হতে হবে
- কমপক্ষে 17 বছর 10 মাস বয়স হতে হবে (ভোট দেওয়ার জন্য আপনার বয়স 18 হতে হবে)
- কোনো গুরুতর অপরাধে চূড়ান্তভাবে দোষী সাব্যস্ত হননি বা যদি দোষী সাব্যস্ত হয়ে থাকেন তাহলে আপনাকে কারাদণ্ড, প্যারোল, তত্ত্বাবধান, প্রোবেশনের সময়কাল সহ আপনার সম্পূর্ণ সাজা থেকে মুক্ত করা হয়েছে বা ক্ষমা প্রদান করা হয়েছে
- কোনো আদালতের চূড়ান্ত রায়ে আপনাকে মানসিকভাবে অক্ষম ঘোষণা করা হয়নি

**চিঠি পাঠানোর ঠিকানা:**

সেক্রেটারি অফ স্টেটের কার্যালয়
ইলেকশনস ডিভিশন
P.O. Box 12060
Austin, TX 78711-2060

## ইউটা

**হালনাগাদ করার তারিখ: 09-14-2019**

**নিবন্ধীকরণের সময়সীমা** — নিবন্ধীকরণের বিভিন্ন সময়সীমা রয়েছে:

- **ডাক:** নিবন্ধীকরণ ফরমে অবশ্যই নির্বাচনের 30 দিন আগে পোস্ট অফিস দ্বারা গৃহীত হবার ছাপ থাকতে হবে অথবা অন্যভাবে গৃহীত হয়েছে বলে চিহ্নিত হতে হবে৷
- **নিজে উপস্থিত হয়ে:** নিবন্ধীকরণ ফরম নির্বাচনের 7 দিন আগে নিজে এসে কাউন্টি ক্লার্কের অফিসে জমা দেয়া যেতে পারে৷
- **অনলাইনে:** নিবন্ধন ফরম অবশ্যই নির্বাচনের 7 দিন আগে দাখিল করতে হবে৷ বৈধ ইউটা ড্রাইভিং লাইসেন্স বা ইউটা আইডি আবশ্যক
- **একইদিনে:** ভোটারগণ ভোটদানের সময়কালের আগে ভোটকেন্দ্রে বা নির্বাচনের দিন একটি অন্তর্বর্তীকালীন ব্যালট পূরণ করে নিবন্ধন করতে পারেন৷

**6. আইডি নম্বর।** আপনার পূরণ করা ভোটার নিবন্ধীকরণ ফরমে অবশ্যই নিম্নোক্ত জিনিসগুলির একটি থাকতে হবে: ইউটা ড্রাইভিং লাইসেন্স নম্বর, ইউটা অঙ্গরাজ্যের পরিচয়পত্রের নম্বর অথবা আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা। আপনার যদি ইউটা ড্রাইভিং লাইসেন্স বা ইউটা অঙ্গরাজ্যের পরিচয়পত্র না থাকে, তাহলে দয়া করে নির্ধারিত স্থানে "কোনটাই নাই" লিখুন এবং আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা পূরণ করুন

**7. দলের পছন্দ।** ভোট দেওয়ার জন্য নিবন্ধন করার জন্য একটি দল ঘোষণা করার প্রয়োজন নেই। কিন্তু ইউটা নির্বাচন আইন প্রত্যেকটি রাজনৈতিক দলকে তার প্রাথমিক নির্বাচনে কারা ভোট দেবে সেটা নির্বাচন করার অনুমতি দেয়। আপনি যদি কোনও দলের সঙ্গে সংশ্লিষ্ট না হন তাহলে হয়তো আপনাকে প্রাথমিক নির্বাচনে ভোট দিতে দেওয়া হবে না।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** ইউটাতে নিবন্ধনকৃত হতে গেলে আপনাকে অবশ্যই:

- মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হতে হবে
- পরবর্তী নির্বাচনের ঠিক 30 দিন আগে থেকে ইউটাতে বসবাস করতে হবে
- পরবর্তী নির্বাচনের আগে অন্তত 18 বছর বয়সী হতে হবে (16 এবং 17 বছর বয়সী ব্যক্তিরা ভোট প্রদানের জন্য আগাম-নিবন্ধীকরণ করে রাখতে পারেন; কোন 17 বছর বয়সী ব্যক্তি আগামী সাধারণ নির্বাচনের দিন বা তার আগে 18 বছর বয়সী হলে তিনি আগাম-নিবন্ধীকরণ করে প্রাইমারি নির্বাচনে ভোট দিতে পারেন)
- অপরাধী হিসেবে দোষী সাব্যস্ত ও অপরাধী হিসেবে কারারুদ্ধ হলে চলবে না
- রাজদ্রোহ বা ভোটাধিকারের বিরুদ্ধে অপরাধে দোষী সাব্যস্ত হলে চলবে না, যদি না নাগরিক অধিকার ফিরিয়ে দেওয়া হয়
- কোন আদালতের দ্বারা মানসিকভাবে অযোগ্য বলে সাব্যস্ত হলে চলবে না
- আপনি যেখানে ভোট প্রদানের জন্য নিবন্ধনকৃত বর্তমানে সেই ভোট গ্রহণের ডিস্ট্রিক্ট অথবা নির্বাচনী এলাকায় বসবাস করতে হবে

**চিঠি পাঠানোর ঠিকানা:**

লিউটেন্যান্ট গভর্নরের কার্যালয়
P.O. Box 142325
Salt Lake City, UT 84114

## ভার্মন্ট

**হালনাগাদ করার তারিখ: 09-14-2019**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের আগের বুধবার সন্ধ্যা 5:00টার আগে টাউন ক্লার্কের কাছে পৌঁছতে হবে।

**6. পরিচয় নম্বর।** আপনাকে অবশ্যই আপনার ভার্মন্ট ড্রাইভারের লাইসেন্স নম্বর প্রদান করতে হবে বা আপনার যদি না থাকে তাহলে আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ 4টি সংখ্যা প্রদান করতে হবে। কাছে যদি ভার্মন্ট ড্রাইভারের লাইসেন্স বা সোশ্যাল সিকিউরিটি নম্বর না থাকে তাহলে অনুগ্রহ করে ফর্মে "কোনটিই নয়" লিখুন। সেক্রেটারি অফ স্টেট কার্যালয় আপনার জন্য একটি অনন্য শনাক্তকরণ নম্বর ধার্য করবে।

**7. দলের পছন্দ।** ভার্মন্টে কোনো নির্বাচনে অংশগ্রহণ করার জন্য কোনও দলের নিবন্ধন করতে হয় না।

**8. জাতি বা জাতিগোষ্ঠী।** প্রয়োজন নেই।

**9. স্বাক্ষর।** ভার্মন্টে নিবন্ধন করার জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে।
- ভার্মন্টের একজন নিবাসী হতে হবে
- নির্বাচনের দিনে বা তার আগে 18 বছর বয়স হতে হবে
- নিম্নলিখিত শপথ গ্রহণ করেছেন: আপনি নিষ্ঠার সঙ্গে শপথ করছেন (বা নিশ্চিত করছেন) যে আপনি যখনি ভার্মন্ট বা তার সঙ্গে জড়িত কোনও বিষয়ের জন্য আপনার ভোট বা ভোটাধিকার দেবেন তখন আপনি সেটা কোনও ব্যক্তির ভয়ে বা তার প্রতি আনুকূল্যপ্রদর্শন ছাড়া সংবিধান দ্বারা যেভাবে নির্দিষ্ট করা হয়েছে সেই ভাবে ভার্মন্টের জন্য যা শ্রেষ্ঠ তার জন্য যা সবচেয়ে অনুকূল সেটা আপনার বিবেকে বিচার করে সেরূপে করবেন [ভার্মন্টের শপথ, ভার্মন্ট সংবিধান, অধ্যায় II, ধারা 42]

বাক্স 9-এ স্বাক্ষর করার মাধ্যমে আপনি প্রত্যয়ন করছেন যে উপরে যেভাবে মুদ্রিত আছে সেই ভাবে আপনি ভার্মন্ট ভোটারের শপথ গ্রহণ করেছেন বা নিশ্চিত করেছেন।

**চিঠি পাঠানোর ঠিকানা:**

সেক্রেটারি অব স্টেট-এর অফিস
নির্বাচন বিভাগ
128 State Street
Montpelier, VT 05633-1101

## ভার্জিনিয়া

**হালনাগাদ করার তারিখ: 09-19-2019**

**নিবন্ধনের সময়সীমা** — আবেদন অবশ্যই নির্বাচনের 22 দিন আগে দাখিল করতে অথবা তাতে ডাকের সিলমোহর লাগাতে হবে।

**6. পরিচয় নম্বর।** আপনার সম্পূর্ণ সোশ্যাল সিকিউরিটি নম্বর প্রয়োজন। আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বর ভোটার নিবন্ধন এবং নির্বাচন কর্মকর্তাদের তৈরি রিপোর্টে কেবল দাপ্তরিক ব্যবহারের জন্য এবং আদালতের দ্বারা জুরি নির্বাচনের উদ্দেশ্যে ব্যবহার করা হবে। আর্টিকেল II, §2, ভার্জিনিয়ার সংবিধান (1971).

**7. পছন্দের দল।** ফাঁকা রাখুন।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** ভার্জিনিয়াতে নিবন্ধন করার জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে।
- ভার্জিনিয়া এবং আপনি যে প্রিসিংক্টে ভোট দিতে চান তার নিবাসী হতে হবে
- পরবর্তী মে বা নভেম্বর সাধারণ নির্বাচনের সময়ে 18 বছর বয়স হতে হবে
- কোনো অপরাধে দোষী সাব্যস্ত হননি বা হলেও আপনার নাগরিক অধিকার পুনরুদ্ধার করা হয়েছে
- বর্তমানে কোনও আদালত আপনাকে মানসিকভাবে অক্ষম ঘোষণা করেনি

**চিঠি পাঠানোর ঠিকানা:**

ভার্জিনিয়া স্টেট বোর্ড অফ ইলেকশনস
1100 Bank Street, 1st floor
Richmond, VA 23219

## ওয়াশিংটন

**হালনাগাদ করার তারিখ: 09-19-2019**

**নিবন্ধীকরণের সময়সীমা** — অনলাইন অথবা ডাকযোগে নিবন্ধীকরণের ফরম অবশ্যই একজন

নির্বাচন কর্মকর্তা দ্বারা নির্বাচনের অন্তত ৪ দিন আগে গৃহীত হতে হবে। নিজে উপস্থিত হয়ে যে কোন দিন অফিস সময় এবং নির্বাচনের দিন সকাল 8:00 টার আগে নিবন্ধীকরণ করতে পারেন।

**6. আইডি নম্বর।** আপনাকে অবশ্যই আপনার ওয়াশিংটনের ড্রাইভিং লাইসেন্স নম্বর অথবা আইডি কার্ডের নম্বর দিতে হবে। আপনার কাছে যদি ওয়াশিংটনের ড্রাইভিং লাইসেন্স বা আইডি কার্ড না থাকে, তাহলে আপনাকে অবশ্যই আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা উল্লেখ করতে হবে। এসব তথ্য না দিতে পারলে আপনার নিবন্ধীকরণের প্রক্রিয়া আটকে যেতে পারে।

**7. দলের পছন্দ।** ওয়াশিংটনে নিবন্ধনের জন্য আপনার দলীয় সংশ্লিষ্টতা উল্লেখ করার প্রয়োজন নেই।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** ওয়াশিংটনে নিবন্ধনকৃত হতে গেলে আপনাকে অবশ্যই:

- মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হতে হবে
- আপনি যে নির্বাচনে ভোটদান করতে যাচ্ছেন সেই নির্বাচনের 30 দিন আগে থেকে ওয়াশিংটন অঙ্গরাজ্য, আপনার কাউন্টি এবং নির্বাচনী এলাকার আইনসম্মত বাসিন্দা হতে হবে
- নির্বাচনের তারিখের মধ্যে অন্তত 18 বছর বয়সী হতে হবে
- যদি আপনি ওয়াশিংটন স্টেট, অন্য রাজ্য, বা ফেডারেল কোর্টে গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হন, তবে পূর্ণ মেয়াদকালের হাজতবাসের পর আপনার ভোটাধিকার আপনা থেকেই ফিরে পাবেন। আপনি পুনরায় নাম নথিভুক্ত করতে পারেন।
- **১৬- এবং ১৭- বছর বয়সীরা ভবিষ্যতের ভোটার হতে নিবন্ধন করতে পারেন এবং যখন তাঁরা উপযুক্ত হবেন, আপনাআপনিই তা নথিভুক্ত হয়ে যাবে।**

**চিঠি পাঠানোর ঠিকানা:**

সেক্রেটারি অফ স্টেট
ইলেকশনস ডিভিশন
P.O. Box 40229
Olympia, WA 98504-0229

## ওয়েস্ট ভার্জিনিয়া

**হালনাগাদের তারিখ: 09-12-2006**

**নিবন্ধনের সময়সীমা** — নির্বাচনের 21 দিন আগে পর্যন্ত।

**6. পরিচয় নম্বর।** আপনার ড্রাইভার লাইসেন্সের নম্বর লিখুন। আপনার কাছে ড্রাইভারের লাইসেন্স নম্বর না থাকলে আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা লিখুন। আপনার কাছে যদি ড্রাইভারের লাইসেন্স নম্বর বা সোশ্যাল সিকিউরিটি নম্বর না থাকে তাহলে আপনার জন্য একটি শনাক্তকরণ নম্বর ধার্য করা হবে।

**7. দলের পছন্দ।** আপনি যদি কোনো দলের প্রাথমিক নির্বাচন, ককাস বা কনভেনশনে অংশগ্রহণ করতে চান তাহলে তার জন্য আপনাকে অবশ্যই সেই দলের সঙ্গে নিবন্ধন করতে হবে (যদি না আপনি এমন দলের ব্যালটের জন্য অনুরোধ করেন যে দল স্বাধীন ভোটারদের ভোট দিতে দেয়)

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** খালি রাখুন।

**9. স্বাক্ষর।** ওয়েস্ট ভার্জিনিয়াতে নিবন্ধনের জন্য আপনাকে অবশ্যই:

- যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হতে হবে
- ওয়েস্ট ভার্জিনিয়াতে উপরোক্ত ঠিকানায় বসবাস করতে হবে
- 18 বছর বয়স হতে হবে বা প্রাথমিক নির্বাচনে ভোট দেওয়ার জন্য 17 বছর বয়স হতে হবে এবং সাধারণ নির্বাচনের আগে 18 বছর বয়স পূর্ণ করতে হবে
- কোনো অপরাধ, রাজদ্রোহ বা নির্বাচনে ঘুষ দেওয়া-নেওয়ার জন্য দোষী সাব্যস্ত হওয়ার কারণে কোনও দণ্ডাদেশ, প্রোবেশন বা প্যারোলের অধীনে থাকে চলবে না
- যোগ্য অধিক্ষেত্রের কোনও আদালতে "মানসিকভাবে অক্ষম" সাব্যস্ত করা হয়নি

**চিঠি পাঠানোর ঠিকানা:**

সেক্রেটারি অফ স্টেট
Building 1, Suite 157-K
1900 Kanawha Blvd. East
Charleston, WV 25305-0770

## উইসকনসিন

**হালনাগাদের তারিখ: 09-20-2022**

**নিবন্ধনের সময়সীমা** —নির্বাচনের অন্তত 20 দিন আগে ডাক বিভাগের ছাপ থাকতে হবে; অথবা নির্বাচনের আগে, নগর, গ্রাম বা শহরের করণিকের দপ্তরে শুক্রবার বিকাল 5:00টার মধ্যে সম্পূর্ণ করতে হবে; অথবা নির্বাচনের দিন ভোটদান কেন্দ্রে সম্পূর্ণ করতে হবে।

**এছাড়াও উইসকনসিন অনলাইনে ভোটদাতার নিবন্ধীকরণও মঞ্জুর করে** – ভোটদাতার যদি একটি চালু ও বৈধ উইসকনসিন ড্রাইভিং লাইসেন্স অথবা রাজ্য সরকার দ্বারা প্রদত্ত পরিচয়পত্র থেকে থাকে, তাহলে নির্বাচনের 20 দিন আগে পর্যন্ত https://myvote.wi.gov ওয়েবসাইট দেখুন।

**2. বাড়ির ঠিকানা।** আপনার ভোটদাতার নিবন্ধীকরণ ফর্মের সঙ্গে, আপনাকে অবশ্যই একটি বসবাসের ঠিকানার প্রমাণপত্র পাঠাতে হবে, যাতে আপনার পুরো নাম ও পদবী ও বাড়ির ঠিকানা থাকে, যেমন আপনার চালু ও বৈধ উইসকনসিন ড্রাইভিং লাইসেন্স বা রাজ্য সরকার দ্বারা প্রদত্ত পরিচয়পত্র, স্থাবর সম্পত্তির ট্যাক্সের রসিদ, উপভোক্তার রসিদ যা 90 দিনের বেশি পুরনো হওয়া চলবে না, ব্যাংকের বিবরণী, পে-চেক বা পে-স্টাব, অথবা সরকারি কোন বিভাগ দ্বারা প্রদত্ত একটি চেক বা নথি। একটি পূর্ণাঙ্গ তালিকা http://elections.wi.gov ওয়েবসাইটে পাওয়া যাবে।

**6. পরিচয় নম্বর।** আপনার মেয়াদোত্তীর্ণ না হওয়া উইসকনসিন ড্রাইভিং লাইসেন্স অথবা DOT দ্বারা প্রদত্ত আইডি কার্ডের নম্বর দিন। আপনার কাছে যদি চালু ও বৈধ কোন DOT-প্রদত্ত ড্রাইভিং লাইসেন্স বা আইডি কার্ড না থাকে, তাহলে আপনার সামাজিক সুরক্ষা নম্বরের শেষ চারটি সংখ্যা দিন।

**7. দলের পছন্দ।** প্রয়োজন নেই।

**8. জাতি বা জাতি-গোষ্ঠী।** প্রয়োজন নেই।

**9. স্বাক্ষর।** উইসকনসিন নিবন্ধীভুক্ত হতে গেলে আপনাকে অবশ্যই:

- মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক হতে হবে
- উইসকনসিনের বাসিন্দা হতে হবে এবং নিবন্ধীকরণের ঠিকানায় অন্তত 10 দিন থাকতে হবে।
- বয়স কমপক্ষে 18 বছর হতে হবে।

• বিশ্বাসঘাতকতা, গুরুতর অপরাধ বা ঘুষ নেবার অপরাধে অপরাধী সাব্যস্ত হলে চলবে না, অথবা আপনি যদি দোষী সাব্যস্ত হয়েই থাকেন, তাহলে আপনার সাজা শেষ হবার পর বা ক্ষমা পাবার পর আপনার নাগরিক অধিকারগুলি পুনর্বহাল হয়ে থাকতে হবে
• কোনো আদালত দ্বারা নির্বাচন প্রক্রিয়ার উদ্দেশ্যগুলি বুঝতে আপনি অক্ষম বলে ঘোষিত হয়ে থাকলে চলবে না
• নির্বাচনের ফলাফলের উপর নির্ভর করে কোনো বাজি জেতা বা পুরস্কার থেকে লাভবান হলে চলবে না
• একই নির্বাচনে অন্য কোন স্থানে ভোটদান করলে চলবে না।

**চিঠি পাঠাবার ঠিকানা:**
আপনার পূরণ করা নিবন্ধীকরণ ফর্ম এবং বসবাসের ঠিকানার প্রমাণপত্রের একটি প্রতিলিপি আপনার পৌরপ্রতিষ্ঠানের করণিকের দপ্তরে ডাকযোগে প্রেরণ করুন। আপনি নিচের ওয়েবসাইট থেকে আপনার পৌরপ্রতিষ্ঠানের করণিকের দপ্তরের ঠিকানা পেতে পারেন: https://myvote.wi.gov/en-US/MyMunicipalClerk

আপনি যদি আপনার পৌরপ্রতিষ্ঠানের করণিকের দপ্তরের ঠিকানা না পান, তাহলে আপনি এটিকে নিচের ঠিকানাতেও পাঠাতে পারেন:0

**চিঠি পাঠানোর ঠিকানা:**

201 West Washington Avenue, Second Floor
P.O. Box 7984
Madison, WI 53707-7984

(দ্রষ্টব্য: আবেদনপত্রগুলি উইসকনসিন নির্বাচন কমিশনের উপরে উল্লিখিত ঠিকানায় জমা করা যেতে পারে, কিন্তু সম্ভাব্য বিলম্ব এড়াতে, আপনাকে আপনার পূরণ করা ভোটদাতার নিবন্ধীকরণ ফর্মটিকে সরাসরি আপনার পৌরপ্রতিষ্ঠানের করণিকের দপ্তরেই জমা দেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।)

## ওয়াইয়োমিং

**হালনাগাদের তারিখ: 03-01-2006**

স্টেট আইন যদি পরিবর্তন না হয় তাহলে আইন অনুসারে ওয়াইয়োমিং এই ফর্ম গ্রহণ করতে পারবে না।

এই তথ্য সংগ্রহের জন্য জনগণের জানানোর যে বাধ্যবাধকতা, OMB কন্ট্রোল নং. 3265-0015, তাতে প্রতিটি মতামত প্রদানে গড়ে 7 মিনিট করে সময় লাগবে বলে অনুমান করা হয়েছে। এই সময়ের মধ্যে রয়েছে নির্দেশাবলী পর্যালোচনা, বিদ্যমান তথ্যের উত্স সন্ধান, প্রয়োজনীয় তথ্য সংগ্রহ এবং বজায় রাখা এবং সম্পূর্ণ ও পর্যালোচনা করার সময়সহ তথ্য সংগ্রহে ব্যয়িত সময়। U.S. Election Assistance Commission, 633 3rd Street NW, Suite 200, Washington, DC 20001-এই বাধ্যবাধকতা কমানোর পরামর্শসহ এই বাধ্যবাধকতার চাপ কিংবা তথ্য সংগ্রহে অন্য কোনো দিক সম্পর্কে আপনার মতামত জানান। দৃষ্টি আকর্ষণ: ন্যাশানাল মেইল ভোটার রেজিস্ট্রেশন ফরম। উত্তরদাতাদের মনে রাখতে হবে যে আইনের অন্য কোনো বিধান থাকা সত্ত্বেও, কোনো ব্যক্তি তথ্য সংগ্রহ মেনে চলতে না পারলে তাকে কোনো জরিমানা করা হবে না যদি এটি বর্তমানে একটি বৈধ OMB কন্ট্রোল নম্বর প্রদর্শন না করে।